গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং জারাবো/আঃআঃবি/কর-৭/০২/২০১১/ তারিখঃ ১৭/০৭/২০১১

পরিপত্র-১ (আয়কর)/২০১১

বিষয়ঃ অর্থ বছর ২০১১-২০১২ এর বাজেট কার্যক্রমের আওতায় আয়কর আইন ও বিধির পরিবর্তনসম—হের ব্যাখ্যা।

অর্থ আইন, ২০১১ এবং প্রজ্ঞাপনের মাধ্যমে আয়কর আইন ও বিধির কতিপয় পরিবর্তন করা হয়েছে। নতুন প্রবর্তিত ও সংশোধিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসম—হের যথাযথ প্রয়োগ নিশ্চিতকল্পে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করা হলোঃ

১। ২০১১-২০১২ কর বছরের জন্য প্রযোজ্য আয়কর হারঃ

(ক) **ব্যক্তি শ্রেণীর কর হার ঃ**

অর্থ আইন, ২০১১ এর মাধ্যমে ব্যক্তি শ্রেণীর করদাতাদের বিদ্যমান করমুক্ত আয়ের সীমার ক্ষেত্রে নিম্নরূপ পরিবর্তন আনা হয়েছেঃ

- ব্যক্তি শ্রেণীর করদাতার করমুক্ত আয়ের সীমা ১,৬৫,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১,৮০,০০০/- টাকা করা হয়েছে।
- মহিলা এবং ৬৫ বৎসর বা তদুর্ধ বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা ১,৮০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ২,০০,০০০/- টাকা করা হয়েছে।
- প্রতিবন্ধী করদাতার করমুক্ত আয়ের সীমা ২,০০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ২,৫০,০০০/- টাকা করা হয়েছে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

২০১১-১২ কর বছরের জন্য ব্যক্তি শ্রেণীর করদাতাদের আয়ের উপর প্রযোজ্য কর হার নিম্নরূপঃ

মোট আয়	হার
প্রথম ১,৮০,০০০/- টাকা পর্যন্@ মোট আয়ের উপর	শ—ন্য
পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্@ মোট আয়ের উপর	১০%
পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্@ মোট আয়ের উপর	১৫%
পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্@ মোট আয়ের উপর	২০%
অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%

করমুক্ত সীমার উর্ধের আয়ের বেলায় প্রদেয় আয়করের পরিমাণ হবে কমপক্ষে ২,০০০/- টাকা। এছাড়া, প—র্ববর্তী বছরে ২৫% হারে আয়কর প্রদান করেছেন এরূপ করদাতা ১০% হারে আয় বৃদ্ধি করলে কর রেয়াতের যে ব্যবস্থা ছিল তা ২০১১-১২ করবর্ষ হতে প্রত্যাহার করা হয়েছে।

ব্যক্তির ক্ষেত্রে সারচার্জ আরোপঃ

অর্থ আইন, ২০১১ এর মাধ্যমে ব্যক্তি করদাতাদের ক্ষেত্রে প্রদেয় আয়করের উপর ১০% হারে সারচার্জ আরোপের বিধান করা হয়েছে। আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত পরিসম্• দ ও দায় বিবরণীতে প্রদর্শিত নীট সম্• দের পরিমাণ ২ (দুই) কোটি টাকার উর্ধ্বে হলেই কেবল প্রদেয় করের উপর এ সারচার্জ আরোপিত হবে। সারচার্জ কিভাবে আরোপিত হবে তা নিচের উদাহরণের সাহায্যে বলা হলোঃ-

(১)	একজন করদাতার নীট সম্• দ	টাঃ ১,৯০,০০,০০০/-
	তাঁর মোট আয়-	টাঃ ১০,০০,০০০/-
	আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	টাঃ ১,১৪,০০০/-
	সারচার্জ এর পরিমাণ	শ—ন্য।
(২)	একজন করদাতার নীট সম্• দ	টাঃ ২,১০,০০,০০০/-
	তাঁর মোট আয়-	টাঃ ১০,০০,০০০/-

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ	টাঃ	১,১৪,০০০/-
সারচার্জ এর পরিমাণ	টাঃ	১১,৪০০/-

এক্ষেত্রে নীট সম• দ ২ কোটি টাকার অধিক হওয়ায় আয়ের উপর আয়কর ও সারচার্জ বাবদ মোট ১,২৫,৪০০/- (১,১৪,০০০/- + ১১,৪০০/-) টাকা পরিশোধযোগ্য হবে।

ব্যক্তি (individual) ভিন্ন অন্য কারো উপর এ সারচার্জ আরোপিত হবে না এবং এ বিধান ২০১১-২০১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

বিনিয়োগ রেয়াত গ্রহণ সংক্রান্ত [section 19D, Sixth Schedule Part B] ঃ

আয়কর অধ্যাদেশের কতিপয় বিধান সংশোধন ও সংযোজনের মাধ্যমে করদাতাদের বিনিয়োগ রেয়াত গ্রহণের ক্ষেত্রে বিনিয়োগ সীমা ও এর পরিধি বৃদ্ধি করা হয়েছে। বিনিয়োগের জন্য কতিপয় খাত বাদ দেয়া হয়েছে এবং নতুন পাঁচটি খাত অন্তর্ভুক্ত করা হয়েছে। বিধানের সংক্ষিপ্ত-সার নিম্নরূপঃ

(১) **বিনিয়োগ রেয়াত সীমা:** আয়কর অধ্যাদেশের ৪৪ ধারার ৩ উপধারা সংশোধন করে বিনিয়োগ সীমা ১০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ১ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। তবে করদাতাগণ তাদের মোট আয়ের ২৫% এর পরিবর্তে ২০% পরিমাণ অর্থ বিনিয়োগ করতে পারবেন মর্মে এ সংক্রান্ত শর্ত সংশোধন করা হয়েছে। অর্থাৎ একজন করদাতার মোট আয়ের মধ্যে স্বীকৃত ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা ও ৮২সি ধারার আয় থাকলে তা ব্যতীত অবশিষ্ট মোট আয়ের উপর ২০% বা ১ কোটি টাকা বা প্রকৃত বিনিয়োগকৃত অর্থের মধ্যে যেটি কম এ পরিমাণ অর্থের উপর ১০% হারে বিনিয়োগ রেয়াত প্রাপ্য হবেন। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

Md Sajid Hossain Shamim · smartaccountantbd.com

(২) **ডিপিএস-এ বিনিয়োগ:** ৬ষ্ঠ তফসিলের পার্ট-বি এর প্যারাগ্রাফ ১১ সংশোধন করা হয়েছে। এর মাধ্যমে যে কোন তফসিলি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কীমে বার্ষিক সর্বো" চ ৬০ হাজার টাকার উপর বিনিয়োগ রেয়াত গ্রহণ করা যাবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

নতুন ৫টি বিনিয়োগের খাত:

- ৬ষ্ঠ তফসিলের পার্ট-বি এ নতুন প্যারাগ্রাফ ২৪ সংযোজনের মাধ্যমে **"মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠান"** এ প্রদত্ত যে কোন অংকের অনুদানের উপর বিনিয়োগ রেয়াত প্রাপ্য হবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

- ৬ষ্ঠ তফসিলের পার্ট-বি এ নতুন প্যারাগ্রাফ ২৫ সংযোজনের মাধ্যমে **"জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠান"** এ প্রদত্ত যে কোন অংকের অনুদানের উপর বিনিয়োগ রেয়াত প্রাপ্য হবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

- ৬ষ্ঠ তফসিলের পার্ট-বি এ নতুন প্যারাগ্রাফ ২৬ সংযোজনের মাধ্যমে **"প্রধানমন্ত্রীর উ"চ শিক্ষা সহায়তা তহবিল"** এ প্রদত্ত যে কোন অংকের অনুদানের উপর বিনিয়োগ রেয়াত প্রাপ্য হবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

- ৬ষ্ট তফসিলের পার্ট-এ প্যারাগ্রাফ ৮ ও ৯ বিলোপ করা হয়েছে। এর পরিবর্তে নতুন প্যারাগ্রাফ ২৭ প্রবর্তন করা হয়েছে। এ বিধানের ফলে প্রাথমিক গণ প্রস্তাব (Initial Public Offering) এর মাধ্যমে কোম্পানীর **শেয়ার, স্টক, মিউচুয়াল ফান্ডের ইউনিট বা ডিবেঞ্চার** এ বিনিয়োগের উপর বিনিয়োগ রেয়াত প্রাপ্ত হবে। স্টক

Md Sajid Hossain Shihab · smartaccountantbd.com

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 4 / 121

এক্সচেঞ্জে তালিকাভূক্ত উলি-খিত সিকিউরিটিজে বিনিয়োগের ক্ষেত্রে শুধুমাত্র ব্যক্তি (individual) করদাতাগণ এ রেয়াত প্রাপ্ত হবেন। এর ফলে সেকেন্ডারী মার্কেটে এ সকল সিকিউরিটিজে বিনিয়োগ করা হলে কোন রেয়াত পাওয়া যাবে না। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

- নতুন প্যারাগ্রাফ ২৮ প্রবর্তন করা হয়েছে। এর ফলে **বাংলাদেশ সরকার ট্রেজারী বন্ডে** বিনিয়োগ করা হলে বিনিয়োগ রেয়াত প্রাপ্তির সুবিধা পাওয়া যাবে। শুধু ব্যক্তি (individual) করদাতাগণ এ রেয়াত প্রাপ্ত হবেন। অন্য কোন করদাতা এ সুবিধা প্রাপ্য হবে না। এছাড়া, যে সমস্ত করদাতা আয়কর অধ্যাদেশের 19D ধারা অনুযায়ী "বাংলাদেশ সরকার ট্রেজারী বন্ডে" বিনিয়োগের উপর ১০% হারে কর পরিশোধ করে আয়কর নথিতে প্রদর্শনের সুবিধা নিবেন, তারা তাদের এরূপ বিনিয়োগের উপর কোন বিনিয়োগ রেয়াত পাবেন না। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

অনিবাসী ব্যক্তির করহার:

বাংলাদেশী নয় এমন অনিবাসী ব্যক্তিদের কর হার ২৫%। তবে বাংলাদেশী অনিবাসী হলে তাদের আয়ের ক্ষেত্রে সাধারণ হারে (০%, ১০%, ১৫%, ২০%, ২৫%) কর প্রদেয় হবে।

(খ) কোম্পানীর করহারঃ

কোম্পানীর আয়করের হার নিম্নরূপঃ

কোম্পানীর ধরণ	কর হার	মন্তব্য
নন-পাবলিকলি ট্রেডেড কোম্পানী	৩৭.৫%	
পাবলিকলি ট্রেডেড কোম্পানী (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানী)	২৭.৫%	শর্ত: ১০% এর কম লভ্যাংশ দিলে কর হার ৩৭.৫%;

Md Sajid Hossain Chowdhury · smartaccountantbd.com

		২০% বা বেশী লভ্যাংশ দিলে কর হার ২৪.৭৫%।
ব্যাংক, বীমা, অর্থলগ্নীকারী প্রতিষ্ঠান	৪২.৫%	
সিগারেট প্রস্তুতকারক কোম্• ানী	৪২.৫%	পাবলিকলি ট্রেডেড কোম্• ানী হলে কর হার ৩৫%।
মোবাইল ফোন অপারেটর কোম্• ানী	৪৫%	১০% শেয়ার পুঁজিবাজারে হস্হান্হর করা হলে কর হার ৩৫%।
কোম্• ানী কর্তৃক প্রাপ্ত লভ্যাংশ আয়	২০%	

কোম্• ানী আয়ের ক্ষেত্রে minimum tax আরোপঃ

আয়কর অধ্যাদেশে নতুন একটি ধারা (section 16CCC) সংযোজনের মাধ্যমে কোম্• ানী শ্রেণীর করদাতাদের ক্ষেত্রে minimum tax আরোপের বিধান করা হয়েছে। কোম্• ানীর মোট প্রাপ্তির উপর ভিত্তি করে এ minimum tax আরোপিত হবে। লাভ-লোকসান নির্বিশেষে এ করের পরিমাণ সংশি-ষ্ট করবর্ষের মোট প্রাপ্তির ০.৫০ শতাংশের নীচে হবে না। কোম্• ানীর মোট প্রাপ্তির পরিমাণ কিভাবে নির্ধারিত হবে তা নীচে উলে-খ করা হলো-

(ক) পণ্য বিক্রয় থেকে প্রাপ্ত বা প্রাপ্য অর্থের সমষ্টি;
(খ) সেবার বিপরীতে প্রাপ্ত বা প্রাপ্য সকল অর্থ;
(গ) সুদ, কমিশন, ডিসকাউন্ট, ফি বা চার্জ; এবং
(ঘ) অন্য যে কোন খাত থেকে প্রাপ্ত বা প্রাপ্য আয়।

কোম্• ানীর সকল উৎসের মোট প্রাপ্তির উপর এ মিনিমাম ট্যাক্স পরিগণনা করতে হবে। সংশি-ষ্ট করবর্ষে কোন কোম্• ানীর ব্যবসা খাতে বিক্রয় বা অন্য কোন খাতে প্রাপ্তি না থাকলে সেক্ষেত্রে মিনিমাম ট্যাক্স প্রযোজ্য হবে না। সংশি-ষ্ট কর বর্ষে লোকসান নিরূপিত হলে বা প—র্ববর্তী কোন বছরের অসমন্বিত লোকসান থাকলেও চলতি করবর্ষের মোট প্রাপ্তির ভিত্তিতে ন—

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

ন্যতম কর প্রদেয় হবে। মিনিমাম ট্যাক্সের পরিমাণ সম্• র্কে নিচে দুটি উদাহরণের মাধ্যমে দেখানো হলোঃ

(ক) কোন কোম্• ানীর-

ব্যবসা খাতে আয়	টাঃ ১২,৫০,০০০/-
ব্যাংক সুদ	টাঃ ২,৫০,০০০/-
নিরূপিত মোট আয়	টাঃ ১৫,০০,০০০/-

- ব্যবসায় থেকে পণ্য বিক্রয় বাবদ মোট প্রাপ্তি টাঃ ২,০০,০০,০০০/-

নিরূপিত আয়ের উপর প্রদেয় করের পরিমাণ ৩৭.৫% হারে ৫,৬২,৫০০/- টাকা।

- মোট প্রাপ্তি ২,০২,৫০,০০০/- (২,০০,০০,০০০ + ২,৫০,০০০) টাকার উপর মিনিমাম ট্যাক্স ০.৫০% হারে- টাঃ ১,০১,২৫০/-

এক্ষত্রে-

মিনিমাম ট্যাক্স..... টাঃ ১,০১,২৫০/-

সাধারণ হারে আরোপিত কর ..... টাঃ ৫,৬২,৫০০/-

মিনিমাম ট্যাক্সের চেয়ে সাধারণ হারে করের পরিমাণ বেশী হওয়ায় কোম্• ানীর প্রদেয় করের পরিমাণ হবে ৫,৬২,৫০০/- টাকা।

(খ) কোন কোম্• ানীর-

ব্যবসা খাতে লোকসানঃ	টাঃ ৪,৫০,০০০/-
ব্যাংক সুদ	টাঃ ২,৫০,০০০/-
নিরূপিত মোট লোকসান	টাঃ ২,০০,০০০/-

- ব্যবসায় থেকে পণ্য বিক্রয় বাবদ মোট প্রাপ্তি টাঃ ২,০০,০০,০০০/-

লোকসান নিরূপিত হওয়ায় প্রদেয় করের পরিমাণ শ—ন্য টাকা।

- মোট প্রাপ্তি ২,০২,৫০,০০০/- (২,০০,০০,০০০ + ২,৫০,০০০) টাকার উপর মিনিমাম ট্যাক্স ০.৫০% হারে- টাঃ ১,০১,২৫০/-

এক্ষত্রে-

মিনিমাম ট্যাক্স..... টাঃ ১,০১,২৫০/-

সাধারণ হারে আরোপিত কর ..... টাঃ শ—ন্য

এক্ষত্রে সাধারণ হার অনুযায়ী কর প্রদেয় না হলেও মিনিমাম ট্যাক্স হিসেবে প্রদেয় করের পরিমাণ হবে ১,০১,২৫০/- টাকা।

আয়কর রিটার্ন দাখিলের সময় মোট প্রাপ্তির উপর ভিত্তি করে 74 ধারা অনুসারে কোম্• ানী করদাতাকে এ মিনিমাম ট্যাক্স প্রদান

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

করতে হবে। এ লক্ষ্যে 74 ধারায় সংশোধন করা হয়েছে। এছাড়া প—র্বের বিধান অনুযায়ী লাভ-লোকসান নির্বিশেষে ৫ হাজার টাকা কর প্রদান করতে হতো। এ বিধান বাতিল করা হয়েছে বিধায় সাধারণ হার বা মিনিমাম ট্যাক্সের মধ্যে যেটি বেশী, সেই পরিমাণ কর প্রদান করতে হবে। তবে কোম• ানীর আয় আয়কর অধ্যাদেশের 82C ধারায় চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হলে সংশি-ষ্ট উৎসের আয়ের ক্ষেত্রে মিনিমাম ট্যাক্স প্রযোজ্য হবে না।

এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে প্রযোজ্য হবে।

কোম• ানীর ক্ষেত্রে CSR এর আওতায় বিনিয়োগ রেয়াত গ্রহণ সংক্রান্তঃ

Corporate Scoial Responsibility (CSR) এর আওতায় অনুদানের ক্ষেত্রসম—হ সংশোধন এবং এ খাতে বিনিয়োগের সীমা সুনির্দিষ্ট করা হয়েছে। সংশোধিত বিধানের সংক্ষিপ্ত-সার নিম্নরূপঃ

- কোম• ানীর আয়ের সর্বো" চ ২০% বা ৮ কোটি টাকার মধ্যে যে অংক কম, সেই পরিমাণ বিনিয়োগ বা অনুদান প্রদান করা যাবে ;
- বিনিয়োজিত অর্থ বা অনুদানের উপর ১০% হারে কর রেয়াত পাওয়া যাবে;
- প—র্ববর্তী বিধানের ৫টি খাত বাদ দেয়া হয়েছে এবং তিনটি নতুন খাত অন্তর্ভ—ক্ত করে প্রজ্ঞাপন জারী করা হয়েছে।

তিনটি নতুন খাতঃ

- মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নির্মিত বা নির্মিতব্য জাতীয় পর্যায়ের জাদুঘরে প্রদত্ত অনুদান;
- জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং
- প্রধানমন্ত্রীর উ" চ শিক্ষা ফান্ড-এ প্রদত্ত অনুদান। এসআরওটি পরিশিষ্ট-১১ এ রয়েছে।

Md Sajid Hossain Sumon · smartaccountantbd.com

সংশি-ষ্ট প্রজ্ঞাপনে বর্ণিত প্রতিষ্ঠান/তহবিলে সিএসআর এর আওতায় কোম• ানী পর্যায়ের করদাতাগণ অনুদান প্রদান করতে পারবে এবং অনুদানের উপর রেয়াত প্রাপ্য হবে। সিএসআরের আওতায় রেয়াত গ্রহণের পদ্ধতি নিচে একটি উদাহরণের সাহায্যে উলে-খ করা হলোঃ

একটি কোম• ানীর সিএসআরে বিনিয়োগ/অনুদানের পরিমাণ	টাঃ ১ কোটি
নিরীক্ষিত হিসাব বিবরণীতে প্রদর্শিত নীট মুনাফা	টাঃ ১০ কোটি

কোম• ানীর আয় নিরূপণের ক্ষেত্রে লাভ-লোকসান হিসাবে সিএসআরে প্রদত্ত বিনিয়োগ/অনুদান বাবদ খরচ দাবী অনুমোদনযোগ্য নয়। ফলে এ কোম• ানীর মোট আয় হবে (১০+১) ১১ কোটি টাকা। এর উপর প্রদেয় করের পরিমাণ হবে ৩৭.৫% হারে ৪,১২,৫০,০০০/- টাকা।

রেয়াত বিবেচনার ক্ষেত্রে অনুমোদনযোগ্য সর্বো" চ সীমা হবে মোট আয়ের সর্বো" চ ২০% বা ৮ কোটি টাকা। কোম• ানী এ খাতে মোট আয় ১১ কোটি টাকার ২০% বা ২.২০ কোটি টাকা পর্যন্ত সর্বো" চ বিনিয়োগ বা অনুদান প্রদান করতে পারত। কিন্ত কোম• ানীর এখাতে দাবী ১ কোটি যা তার অনুমোদনযোগ্য সীমার মধ্যে। ফলে এ দাবীর উপর ১০% হারে ১০ লক্ষ টাকা রেয়াত প্রাপ্ত হবে এবং নীট প্রদেয় করের পরিমাণ হবে (৪,১২,৫০,০০০-১০,০০,০০০) ৪,০২,৫০,০০০/- টাকা।

এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

২। **প্রশাসনিক সংস্কারঃ**

আয়কর অধ্যাদেশে কতিপয় বিধান সংশোধনের মাধ্যমে আয়কর কর্তৃপক্ষ এবং কর আপীলাত ট্রাইব্যুনালের প্রশাসনিক কার্যক্রম সম• র্কিত অধ্যাদেশে পরিবর্তন সাধন করা হয়েছে। এ সংক্রান্ত পরিবর্তনসম—হ নিম্নরূপঃ

(ক) section 3 এ সংশোধন করা হয়েছে। এ ক্ষেত্রে-

Md Sajid Hossain Chowdhury, smartaccountantbd.com

(অ) আয়কর কর্তৃপক্ষ হিসেবে 'চীফ কমিশনার অব ট্যাক্সেস' অন্@র্ভুক্ত করা হয়েছে; এবং

(আ) 'ট্যাক্স রিকভারী অফিসার' এর সংজ্ঞা সংশোধন করা হয়েছে। এর ফলে উপ কর কমিশনারের মধ্যে থেকে যে কাউকে এ দায়িত্ব পালনের জন্য কর কমিশনার মনোনয়ন দিতে পারবেন। এরূপ মনোনীত কর্মকর্তা আয়কর অধ্যাদেশের ১৩৮ ও ১৩৯ ধারায় বর্ণিত 'ট্যাক্স রিকভারী অফিসার' এর দায়িত্ব পালন করতে পারবে।

(খ) section 4 এর sub-section (2) সংশোধনের মাধ্যমে চীফ কমিশনার অব ট্যাক্সেস নিয়োগের ক্ষমতা জাতীয় রাজস্ব বোর্ডের নিকট অর্পন করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় সংখ্যক চীফ কমিশনার অব ট্যাক্সেস নিয়োগ দিতে পারবে।

(গ) section 5 সংশোধনের মাধ্যমে চীফ কমিশনার অব ট্যাক্সেস -কে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়ন্¿ণাধীন করা হয়েছে।

(ঘ) section 11 এর sub-section (3) তে নতুন sub-clause (ix) সংশোধনের মাধ্যমে কর আপীলাত ট্রাইবুনালে সদস্য হিসেবে নিয়োগের যোগ্যতা সংশোধন করা হয়েছে। এর ফলে বিচার বিভাগের অবসরপ্রাপ্ত জেলা জজও ট্রাইব্যুনালের সদস্য হিসেবে নিয়োগ পাওয়ার যোগ্য হবেন।

৩। **অন্যান্য উৎসের আয় হিসেবে বিবেচনা (Section 19)ঃ**

আয়কর অধ্যাদেশে section 19 এ তিনটি নতুন sub-section যথাক্রমে (21B), (26) ও (27) সংযোজন করা হয়েছে। এ বিধানের সংক্ষিপ্তরূপ নিম্নে দেয়া হলো-

(ক) **সর্বজনীন স্বনির্ধারণীর রিটার্নে প্রদর্শিত পুঁজিঃ**

অধ্যাদেশে নতুন sub-section (21B) সংযোজন করা হয়েছে। অধ্যাদেশের ৮২বিবি ধারায় সর্বজনীন স্বনির্ধারণী

Md Sajid Hossain Shimanto ; smartaccountantbd.com

পদ্ধতিতে দাখিলকৃত নতুন রিটার্নে ব্যবসা ও পেশা খাতে প্রদর্শিত আয়ের ৪ গুন হারে প্রারম্ভিক পুঁজি নেয়ার বিধান আছে। এ পুঁজি পরবর্তী ৫ বছরের মধ্যে হস্হান্হর করার বিধান নেই। এরূপ প্রাথমিক ম—লধন প্রদর্শনের পরবর্তী ৫ বছরের মধ্যে সম• —র্ণ বা আংশিকভাবে হস্হান্হর করা হলে তা হস্হান্হরকারীর আয় হিসেবে বিবেচিত হবে। যে বছরে যে পরিমাণ অর্থ হস্হান্হর করা হবে, সংশি-ষ্ট করবর্ষে সে পরিমাণ অর্থ হস্হান্হরকারীর অন্যান্য উৎসের আয় হিসেবে বিবেচিত হবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে কার্যকর হবে।

(খ) **কোম• ানীর ঋণ গ্রহণঃ**

অধ্যাদেশে নতুন sub-section (26) সংযোজন করা হয়েছে। এর ফলে কোন কোম• ানী করদাতাকে অন্য কোন কোম• ানীর নিকট থেকে ক্রসড চেক বা ব্যাংকের মাধ্যম ঋণ গ্রহণ করতে হবে। উলি-খিত মাধ্যম ছাড়া অন্য কোনভাবে যেমন নগদে ঋণ গ্রহণ করা হলে সমপরিমাণ অর্থ ঋণ গ্রহণকারী কোম• ানীর অন্যান্য উৎসের আয় হিসেবে বিবেচিত হবে। যে বছরে এ ঋণ গ্রহণ করা হবে, সে বছরের সংশি-ষ্ট করবর্ষে এটি তার আয় বিবেচিত হবে। এ বিধান ২০১১-১২ অর্থ বছর হতে কার্যকর হবে। অর্থাৎ ১লা জুলাই, ২০১১ বা তার পরে গৃহীত ঋণের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

(গ) **কোম• ানীর গাড়ী ক্রয়ঃ**

অধ্যাদেশে নতুন sub-section (27) সংযোজন করা হয়েছে। কোম• ানী করদাতাদের সরাসরি বা কিস্হিতে মোটর কার বা জীপ ক্রয়ের ক্ষেত্রে পরিশোধিত ম—লধনের সাথে সম• র্কিত করে শর্ত আরোপ করা হয়েছে। ক্রয়কৃত বা কিস্হিতে পরিশোধ করা হ” ছ এমন একটি গাড়ীর ম—ল্য কোম• ানীর পরিশোধিত ম—লধনের ১০% এর বেশী হতে পারবে না। এ সীমা অতিক্রম করলে অতিরিক্ত অর্থের ৫০%

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

ক্রয়কারী কোম্• ানীর হাতে অন্যান্য উৎস খাতে আয় হিসেবে বিবেচনা করা হবে। একটি উদাহরণের সাহায্যে এই বিধানের প্রায়োগিক দিক আলোচনা করা হলোঃ

পরিশোধিত ম—লধন	টাঃ ১,০০,০০,০০০/-
পরিশোধিত ম—লধনের ১০%	টাঃ ১০,০০,০০০/-
গাড়ীর ম—ল্য	টাঃ ৫০,০০,০০০/-

এক্ষেত্রে গাড়ীর ম—ল্য পরিশোধিত ম—লধনের ১০% এর চেয়ে (৫০,০০,০০০ - ১০,০০,০০০) = ৪০,০০,০০০/- টাকা বেশী যার ৫০% অর্থাৎ ২০,০০,০০০/- টাকা ক্রয়কারী কোম্• ানীর হাতে অন্যান্য উৎস খাতে আয় হিসেবে বিবেচনা করা হবে।

কিস্ি◌্তে গাড়ী ক্রয় করা হলে গাড়ীর ম—ল্য আংশিক পরিশোধিত হলেও গাড়ী ক্রয়ম—ল্য বিবেচনায় নিয়ে এই বিধানের প্রযোজ্যতা পরীক্ষা করতে হবে।

একাধিক গাড়ী ক্রয় করা হলে প্রতিটি গাড়ীর জন্য পৃথকভাবে পরিশোধিত ম—লধনের ১০% সীমা অতিক্রম করা হয়েছে কিনা পরীক্ষা করে প্রযোজ্য ক্ষেত্রে এ বিধানের অধীনে আয় নিরূপন করতে হবে। এ বিধান ২০১১-১২ অর্থ বছর হতে কার্যকর হবে অর্থাৎ ১লা জুলাই, ২০১১ থেকে ক্রয়কৃত গাড়ীর ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে।

৪। **<u>Bangladesh Government Treasury Bond ও পুঁজিবাজারে শেয়ারে বিনিয়োগ ঘোষণার সুযোগ প্রদান সংক্রান্◌্ত [section 19D ও এসআরও সংযোজন]</u>ঃ**

(ক) ট্রেজারী বন্ড:

আয়কর অধ্যাদেশে নতুন section 19D সংযোজনের মাধ্যমে Bangladesh Government Treasury Bond এ বিনিয়োগ করলে এবং ১০% হারে আয়কর প্রদান সাপেক্ষে ঘোষণা করলে তা কোন প্রশ্ন ব্যতিরেকে গ্রহন করার বিধান করা হয়েছে।

Md Sajid Hossain Chowdhury - smartaccountantbd.com

এক্ষেত্রে চারটি শর্ত পরিপালন করলেই কেবল এ সুবিধা প্রাপ্য হবে, যথা:-

- উপরোক্ত ট্রেজারী বন্ডে বিনিয়োগ করা;
- ব্যক্তি (individual) করদাতা হওয়া;
- আয়কর অধ্যাদেশের ৭৫(২) ধারায় বর্ণিত পদ্ধতি অনুযায়ী এবং উক্ত ধারায় নির্ধারিত সময়ের মধ্যে সংশি-ষ্ট করবর্ষের আয়কর রিটার্ন দাখিল করা; উক্ত পদ্ধতি অনুসরণ না করে এবং নির্ধারিত সময়ের বাইরে রিটার্ন দাখিল করা হলে এ বিনিয়োগ সুবিধা প্রাপ্য হবে না; এবং
- আয়কর রিটার্ন দাখিলের প—র্বে ১০% হারে আয়কর পরিশোধ করা।

উপরোক্ত শর্ত পরিপালন না করা হলে এ বিধান কার্যকর হবে না। ১ জুলাই, ২০১১ বা তৎপরবর্তীতে ক্রয়কৃত বণ্ডের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে। তবে এ বিধানের সুযোগ গ্রহণ করে ক্রয়কৃত বণ্ডের বিনিয়োগের উপর কোন বিনিয়োগ রেয়াত প্রযোজ্য হবে না।

(খ) পুঁজিবাজারে বিনিয়োগঃ

এস,আর,ও নং ২৩৭-আইন/আয়কর/২০১১, তারিখ ৬ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-১৫) এর মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভূক্ত কোম• ানীর শেয়ারে কর অনারোপিত আয় বিনিয়োগের সুযোগ দেয়া হয়েছে। ১লা জুলাই, ২০১১ হইতে ৩০শে জুন, ২০১২ পর্যন্ত সময়কালের মধ্যে এ বিনিয়োগের সুযোগ রয়েছে। ১০% হারে কর পরিশোধ করা হলে বিনিয়োগকৃত অর্থের উপর আয়কর অধ্যাদেশের অধীনে কোন ব্যাখ্যা প্রদান করতে হবে না। বাংলাদেশের যে কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম• ানীর শেয়ার ক্রয়ে এ কর অনারোপিত আয় বিনিয়োগ করা যাবে। প্রাইমারী বা সেকেন্ডারী উভয় মার্কেট থেকে ক্রয়কৃত শেয়ারের

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 13 / 121

ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে। তবে এ ক্ষেত্রে কিছু শর্ত আরোপ করা হয়েছে, যেমন-

(ক) কোন পাবলিক লিমিটেড কোম• ানী এই কর অনারোপিত আয় বিনিয়োগ করতে পারবে না। অন্যান্য সকল করদাতা যেমন ব্যক্তি, ফার্ম, প্রাইভেট লিমিটিড কোম• ানী এরূপ কর প্রদান সাপেক্ষে কর অনারোপিত আয়ের ঘোষণা প্রদান করতে পারবে;

(খ) ১ জুলাই, ২০১১ থেকে ৩০ জুন, ২০১২ এর মধ্যে শেয়ার ক্রয়ে বিনিয়োগ করতে হবে। এ মেয়াদে বিনিয়োগকৃত অর্থ সম• র্কে ১৫ই জুলাই, ২০১২ তারিখের মধ্যে সংশি-ষ্ট উপ কর কমিশনারের নিকট নির্ধারিত ছকে ঘোষণা প্রদান করতে হবে। তবে ই" ছা করলে করদাতা যখন বিনিয়োগ করবেন, তখনও ঘোষণা দিতে পারবেন। প্রথমবার ঘোষণা দেয়ার পরও যদি কেউ বেশী বিনিয়োগ করে থাকেন, সেক্ষেত্রে অতিরিক্ত বিনিয়োগকৃত অর্থের উপরও পুনরায় ঘোষণা দেয়া যাবে;

(গ) ঘোষণাপত্রের সাথে ১০% হারে কর পরিশোধ করতে হবে। এর সমর্থনে পে-অর্ডার এর কপি, বিনিয়োগের সমর্থনে পোর্ট ফোলিও স্টেটমেন্ট ও বেনিফিশিয়ারী ওনার্স (বিও) এ্যাকাউন্টের লেজারের কপি সংযোজন করতে হবে;

(ঘ) বিনিয়োগকৃত অর্থ ৩০/০৬/২০১৩ তারিখের মধ্যে উত্তোলন বা অন্যত্র স্থানান্ত্রর করা যাবে না। বিনিয়োগকৃত অর্থ বা এর অংশ দিয়ে শেয়ার বাজারে তালিকাভূক্ত কোম• ানীর শেয়ার কেনা-বেচা করা যাবে। তবে বিনিয়োগের উপর অর্জিত মুনাফা উত্তোলন করা যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে বিনিয়োগকৃত অর্থ পুঁজিবাজার থেকে উত্তোলন করা হলে যে পরিমাণ অর্থ উত্তোলন করা হবে, সেই পরিমাণ অর্থ করদাতার আয় হিসেবে বিবেচিত হবে। যেমন-

Md Sajid Hossain Chinmoy · smartaccountantbd.com

একজন করদাতা জুলাই, ২০১১ এ পুঁজিবাজারে ১ কোটি টাকা বিনিয়োগ করলেন, এ সংক্রান্ত ঘোষণা নির্দিষ্ট সময়ে প্রদান করলেন এবং এর উপর ১০% হারে ১০ লক্ষ টাকা কর পরিশোধ করলেন। সেক্ষেত্রে করদাতাকে-

- এ ১ কোটি টাকা ৩০ জুন, ২০১৩ পর্যন্ত পুঁজিবাজারে রাখতে হবে।
- এ ১ কোটি টাকার উপর মুনাফা হলে মুনাফার অর্থ পুজিবাজার থেকে উত্তোলন করে অন্যত্র ব্যবহার করা যাবে।
- করদাতার নিজ বা যৌথ নামীয় বেনিফিশিয়ারী ওনার্স (বিও) হিসাবে বা মার্চেন্ট ব্যাংকে পরিচালিত হিসাবে এ অর্থ রাখা যাবে ।
- ৩০ জুন, ২০১৩ এর মধ্যে মুনাফা ব্যতীত ১ কোটি টাকার মধ্যে কোন অর্থ পুঁজিবাজার থেকে তোলা হলে সমপরিমাণ অর্থ যে কর বছরে উত্তোলন করা হয়েছে, সে করবর্ষে করদাতার আয় হিসেবে গণ্য হবে এবং প্রযোজ্য হারে কর প্রদেয় হবে। এক্ষেত্রে এরূপ উত্তোলিত বিনিয়োগের উপর প্রজ্ঞাপনের অধীনে ১০% হারে যে পরিমাণ আয়কর প্রদান করা হয়েছিল তা অগ্রিম আয়কর হিসেবে বিবেচিত হবে এবং সৃষ্ট দাবীর বিপরীতে সমন্বয়যোগ্য হবে।

(ঙ) এই সুবিধার আওতায় পরিশোধিত করের উৎস সম্• র্কেও আয়কর অধ্যাদেশের অধীনে কোন ব্যাখ্যা প্রদান করতে হবে না।

(চ) ৩০শে জুন, ২০১১ তারিখের মধ্যে করদাতার কর ফাঁকি উদ্‌ঘাটিত হলে এবং অধ্যাদেশের 93 ধারায় ব্যবস্থা গৃহীত হলে এ প্রজ্ঞাপনের আওতায় কর অনারোপিত আয় ঘোষনা করা যাবে না।

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

(ছ) সংশি-ষ্ট বছরের আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত পরিসম্• দ ও দায় বিবরণীতে এ বিনিয়োগ প্রদর্শন করতে হবে।

এ বিধানের সুযোগ গ্রহণ করে প্রাথমিক শেয়ারে বিনিয়োগ করা হলে উক্ত বিনিয়োগের উপর কোন বিনিয়োগ রেয়াত প্রযোজ্য হবে না।

৫। কর অবকাশ ও শিল্পের অবচয় সংক্রান্ত [section 46B ও section 46C]ঃ

শিল্পের কর অবকাশ সুবিধাঃ

(ক) অধ্যাদেশের ৪৬বি ধারার মেয়াদ জুন, ২০১১ এ উত্তীর্ণ হওয়ায় বিদ্যমান ৪৬বি ধারার (১), (২), (৩) ও (৪) উপ ধারা সংশোধন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী নিম্নোক্ত ক্ষেত্রে ও শর্তে শিল্প প্রতিষ্ঠানের কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছেঃ

- শিল্প প্রতিষ্ঠানটি জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৩ মেয়াদকালে প্রতিষ্ঠিত হতে হবে;
- ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ ও চট্টগ্রাম জেলায় প্রতিষ্ঠিত কোন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর অবকাশ সুবিধা প্রযোজ্য হবে না;
- ঢাকা ও চট্টগ্রাম বিভাগের (উপরোক্ত জেলাসহ তিন পার্বত্য জেলা বাদে) ৫ বছরের জন্য কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- কর অবকাশপ্রাপ্ত ৫ বছরের প্রথম ২ বছর ১০০%, পরবর্তী ২ বছর ৫০% এবং পরবর্তী ১ বছর ২৫% কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- রাজশাহী, খুলনা, সিলেট ও বরিশাল বিভাগ এবং তিন পার্বত্য জেলায় শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৭ বছরের জন্য কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;

Md Sajid Hossain Shimanto, FCA | smartaccountantbd.com

- কর অবকাশপ্রাপ্ত ৭ বছরের প্রথম ৩ বছর ১০০%, পরবর্তী ৩ বছর ৫০% এবং পরবর্তী ১ বছর ২৫% কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- নির্দিষ্ট মেয়াদে নিম্নোক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে, যথা:-
    - active pharmaceuticals ingredient industry and radio pharmaceuticals industry;
    - barrier contraceptive and rubber latex;
    - basic chemicals or dyes and chemicals;
    - basic ingredients of electronic industry (e.g resistance, capacitor, transistor, integrator circuit);
    - bio-fertilizer;
    - biotechnology;
    - boilers;
    - compressors;
    - computer hardware;
    - energy efficient appliances;
    - insecticide or pesticide;
    - petro-chemicals;
    - pharmaceuticals;
    - processing of locally produced fruits and vegetables;
    - radio-active (diffusion) application industry (e.g. developing quality or decaying polymer or preservation of food or disinfecting medicinal equipment);
    - textile machinery;
    - tissue grafting; or

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

- any other category of industrial undertaking as the Government may, by notification in the official Gazette, specify.

- প—র্বের ৪৬বি ধারার অন্যান্য শর্ত অপরিবর্তিত রয়েছে;
- তবে শিল্প প্রতিষ্ঠানের পরিশোধিত ম—লধনের পরিমান ১০ লক্ষ থেকে বৃদ্ধি করে ২০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে;
- আয়কর অধ্যাদেশের ৭৫ ধারায় বর্ণিত পদ্ধতিতে এবং নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলের শর্ত আরোপ করা হয়েছে;
- উপরোক্ত খাত ভিন্ন অন্য কোন খাতে কর অবকাশ সুবিধা প্রদেয় হবে না;
- নতুন বিধানে পর্যটন শিল্পের কর অবকাশ সুবিধা প্রত্যাহার করা হয়েছে;
- জুন, ২০১১ এর মধ্যে প—র্বের ৪৬বি ধারার অধীন শিল্প প্রতিষ্ঠা করা হলে ঐ বিধানের আলোকে কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- এ সংক্রান্ত আবেদনের জন্য একটি বিধিবদ্ধ ফরম প্রবর্তন করা হয়েছে; এবং
- এ ধারা-সংশি-ষ্ট বিধিতেও প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে।

ভৌত অবকাঠামো সুবিধার কর অবকাশঃ

(খ) অধ্যাদেশের ৪৬বি ধারার মেয়াদ জুন, ২০১১ এ উত্তীর্ণ হওয়ায় প—র্ববর্তী ৪৬বি ধারায় বর্ণিত ভৌত - অবকাঠামোর ক্ষেত্রে কর অবকাশ সুবিধা সংক্রান্ত নতুন বিধান সংযোজন করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com

নিম্নোক্ত ক্ষেত্রে ও শর্তে কর অবকাশ সুবিধা প্রদান করা হয়েছেঃ

- ভৌত-অবকাঠামো জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৩ মেয়াদকালে চালু হতে হবে;
- সারা দেশের জন্য এ কর অবকাশ সুবিধা প্রযোজ্য হবে;
- ৫/৭ বছরের পরিবর্তে কর অবকাশ সুবিধার মেয়াদ ১০ বছর বৃদ্ধি করা হয়েছে;
- কর অবকাশপ্রাপ্ত ১০ বছরের প্রথম ৫ বছর ১০০%, পরবর্তী ৩ বছর ৫০% এবং পরবর্তী ২ বছর ২৫% কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- নির্দিষ্ট মেয়াদে নিম্নোক্ত ভৌত অবকাঠামোর ক্ষেত্রে কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে, যথা:-
- deep sea port;
- elevated expressway;
- export processing zone;
- flyover;
- gas pipe line,
- Hi-tech park;
- Information and Communication Technology (ICT) village or software technology zone;
- Information Technology (IT) park;
- large water treatment plant and supply through pipe line;
- Liquefied Natural Gas (LNG) terminal and transmission line;
- mono-rail;
- rapid transit;
- renewable energy (e.g energy saving bulb, solar energy plant, windmill);
- sea or river port;

Md Sajid Hossain Shanto · smartaccountantbd.com

- toll road;
- underground rail;
- waste treatment plant; or
- any other category of physical infrastructure facility as the Government may, by notification in the official Gazette, specify.

- প—র্বের ৪৬বি ধারার অন্যান্য শর্ত অপরিবর্তিত রয়েছে;
- তবে ভৌত অবকাঠামো প্রতিষ্ঠানের পরিশোধিত ম—লধনের পরিমাণ ১০ লক্ষ টাকা থেকে বৃদ্ধি করে ২০ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে;
- আয়কর অধ্যাদেশের ৭৫ ধারায় বর্ণিত পদ্ধতিতে এবং নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলের শর্ত আরোপ করা হয়েছে;
- উপরোক্ত খাত ভিন্ন অন্য কোন খাতে কর অবকাশ সুবিধা প্রদেয় হবে না;
- জুন, ২০১১ এর মধ্যে প—র্বের ৪৬বি ধারার অধীন ভৌত অবকাঠামো সুবিধা চালু করা হলে ঐ বিধানের আলোকে কর অবকাশ সুবিধা প্রাপ্য হবে;
- প—র্বতন ৪৬বি ধারার ভৌত অবকাঠামো সুবিধা সংক্রান্ত অন্যান্য শর্ত নতুন প্রবর্তিত ৪৬সি ধারায় অপরিবর্তিত আছে;
- এ সংক্রান্ত আবেদনের জন্য একটি বিধিবদ্ধ ফরম প্রবর্তন করা হয়েছে; এবং
- এ ধারা-সংশি-ষ্ট বিধিতেও প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে।

শিল্প আয়ের উপর হ্রাসকৃত হারে করারোপ সংক্রান্ত এসআরও বাতিলঃ

Md Sajid Hossain Sumon · smartaccountantbd.com

(গ) জুন, ২০১২ মেয়াদে কতিপয় শিল্প প্রতিষ্ঠা করা হলে হ্রাসকৃত হারে করারোপের বিধান সংক্রান্ত এসআরও নং ১৭২-আইন/আয়কর/২০০৯, তারিখ: ৩০ জুন, ২০০৯ বাতিল করা হয়েছে। ফলে হ্রাসকৃত হারে করারোপ সংক্রান্ত সুবিধা নতুন কোন শিল্প প্রতিষ্ঠান প্রাপ্য হবে না। তবে ঐ এসআরও -তে বর্ণিত শিল্প প্রতিষ্ঠান ৩০ জুন, ২০১১ এর মধ্যে প্রতিষ্ঠিত হলে বাতিলকৃত এসআরও -তে প্রদত্ত হ্রাসকৃত হারে করারোপ সংক্রান্ত সুবিধা প্রাপ্য হবে।

ভৌত অবাকাঠামোর অবচয়ের হার ২%ঃ

(ঘ) ৩য় তফসিলের ৩ নং প্যারাগ্রাফ সংশোধনের মাধ্যমে ভৌত-অবকাঠামো প্রতিষ্ঠানের সেতু, সড়ক ও ফ্লাইওভার এর অবচয় ভাতার হার ১% থেকে ২% নির্ধারণ করা হয়েছে। এর ফলে ভৌত-অবকাঠামো প্রতিষ্ঠানের সড়ক, সেতু ও ফ্লাইওভারের আয় নির্ধারণের ক্ষেত্রে ২% হারে অবচয় ভাতা বিবেচ্য হবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে প্রযোজ্য হবে।

Md Sajid Hossain Chowdhury · smartaccountantbd.com

৬। **উৎসে কর কর্তন সংক্রান্ত:**

(ক) **মাননীয় প্রধানমন্ত্রী/মন্ত্রী/মহামান্য সুপ্রিম কোর্টের বিচারক/ সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি থেকে উৎসে কর কর্তনের বিধান প্রবর্তন [section 49] ঃ**

আয়কর অধ্যাদেশের ৪৯(৩) সংশোধন করা হয়েছে। এ বিধানের ফলে সরকারসহ যে কোন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক বেতন-ভাতাদি পরিশোধকালে প্রযোজ্য হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। প—র্বের বিধান অনুযায়ী সরকারের নিকট থেকে বেতন-ভাতাদি প্রাপ্তিকালে কোন উৎসে কর কর্তন করতে হত না। কিন্তু সংশোধিত বিধানের ফলে অধ্যাদেশের ৫০ ধারার অধীনে মাননীয় প্রধানমন্ত্রী, স্পীকার, মন্ত্রী পরিষদের সদস্যগণ, মন্ত্রী পর্যায়ের উপদেষ্টাগণ, মহামান্য সুপ্রিম কোর্টের উভয় বিভাগের বিচারকগণ, সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের বেতন ভাতাদি প্রদানকালে সাধারণ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এ উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী, স্পীকার, মন্ত্রী পরিষদের সদস্যগণ, মন্ত্রী পর্যায়ের উপদেষ্টাগণ, মহামান্য সুপ্রিম কোর্টের উভয় বিভাগের বিচারকগণের আয়ের উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে এবং করারোপের ক্ষেত্রে নতুন প্রজ্ঞাপন জারি করা হয়েছে যা পরিশিষ্টে সন্নিবেশিত আছে। ১ জুলাই, ২০১১ থেকে উৎসে কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে।

নতুন প্রজ্ঞাপন অনুযায়ী শুধুমাত্র এক অর্থ বছরে প্রাপ্ত ম—ল বেতন করযোগ্য বিধায় এর উপর কি হারে উৎসে কর কর্তন করতে হবে তা একটি উদাহরণের মাধ্যমে নিম্নে আলোচনা করা হলোঃ-

একজন সরকারী কর্মকর্তা মাসিক ২২,২৫০ টাকা ম—ল বেতন প্রাপ্ত হন। তিনি বাৎসরিক ২ লক্ষ ৬৭ হাজার টাকা প্রাপ্ত হলে প্রদেয় করের পরিমাণ হবে ৮ হাজার ৭ শত টাকা।

Md Sajid Hossain Shikder, smartaccountantbd.com

তিনি প্রভিডেন্ড ফান্ডসহ আয়ের সর্বো" চ ২০% হারে অর্থাৎ ৫৩ হাজার ৪ শত টাকা বিনিয়োগ করতে পারেন। এ বিনিয়োগের ক্ষেত্রে ১০% হারে ৫ হাজার ৩ শত ৪০ টাকা পর্যন্ত তিনি কর রেয়াত প্রাপ্ত হবেন। ফলে তাঁর প্রদেয় করের পরিমাণ বছরে দাড়ায় (৮৭০০-৫৩৪০) ৩,৩৬০/- টাকা। এই টাকার উপর মাসিক ৩,৩৬০ ÷ ১২= ২৮০ টাকা উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(খ) মহান জাতীয় সংসদের সদস্যগণের সম্মানী (remuneration) থেকে উৎসে কর কর্তনের বিধান প্রবর্তন [section 50B] ঃ

মহান জাতীয় সংসদের সদস্যগণ সরকার থেকে সম্মানী (remuneration) পেয়ে থাকেন। এক অর্থ বছরে প্রাপ্ত এ সম্মানী থেকে সাধারণ হারে উৎসে কর কর্তনের জন্য অধ্যাদেশে নতুন ধারা ৫০বি সংযোজন করা হয়েছে। এর ফলে মাননীয় সংসদ সদস্যগণ যে সম্মানী প্রাপ্ত হবেন সেখান থেকে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে অন্যান্য ভাতাদি করমুক্ত থাকবে অর্থাৎ এক অর্থ বছরে সরকার থেকে প্রাপ্ত ভাতাদি যেমন বোনাস, বাড়ী ভাড়া বা অন্যান্য সুবিধাদি বাবদ প্রাপ্ত অর্থ মোট করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে না। ১লা জুলাই, ২০১১ থেকে প্রাপ্ত সম্মানীর উপর উৎসে কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

(গ) প্রফেশনাল এবং টেকনিক্যাল সার্ভিস এর পরিধি বৃদ্ধি [section 52A] ঃ

- এ ধারায় তিনটি ক্ষেত্রে সংশোধন করা হয়েছে। এগুলো হ" ছ-
- কোম্• ানী আইন, ১৯৯৪ এ "Companies Act, 1913" এর protection দেয়া হয়েছে বিধায় ঐ অধ্যাদেশের রেফারেন্স দেয়া অপ্রয়োজনীয়। এর ফলে

Md Sajid Hossain Sajib | Certified Chartered Accountant | smartaccountantbd.com

"Companies Act, 1913" এ নিবন্ধিত কোন কোম• ানী, 'কোম• ানী আইন, ১৯৯৪' এ নিবন্ধিত হিসেবে গণ্য হবে;

- এছাড়া, সংশোধিত বিধান অনুযায়ী এ ধারার অধীন অর্থ প্রদানকালে বা সেবা গ্রহীতার হিসেবে ক্রেডিট করার সময় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

- **Explanation** এ প্রফেশনাল সার্ভিস এর পরিধি বিস্তৃত করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী পেশাগত জ্ঞান বা "professsional knowledge" প্রয়োজন হয় এমন যে কোন সেবার বিপরীতে প্রদেয় অর্থের উপর বিদ্যমান ১০% হারে উৎসে কর কর্তনের প্রয়োজন হবে। এর ফলে যে সকল কাজের ক্ষেত্রে পেশাগত জ্ঞান প্রয়োজন হয় এরূপ কাজকেও প্রফেশনাল সার্ভিস হিসেবে গণ্য হবে। ১ জুলাই, ২০১১ থেকে উৎসে কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) কতিপয় সেবার বিপরীতে উৎসে কর কর্তনের পরিধি বৃদ্ধি [section 52AA]ঃ

এ ধারায় স্টিভেডরিং এজেন্সীকে কমিশন প্রদানকালে এবং প্রাইভেট সিকিউরিটি সার্ভিস এজেন্সীকে অর্থ প্রদানকালে উৎসে কর কর্তনের বিধান ছিল। এ বিধান সংশোধনীর মাধ্যমে এর পরিধি বিস্তৃত করা হয়েছে। আয়কর অধ্যাদেশের ৭ম অধ্যায়ে নিম্নোক্ত সেবার ক্ষেত্রে উৎসে কর কর্তনের বিধান রয়েছেঃ

- ধারা 52 (ইন্ডেন্টিং কমিশন ও শিপিং এজেন্সি কমিশন);
- 52A (ডাক্তারদের সার্ভিস চার্জ, রয়েলটি বা টেকনিক্যাল নো-হাউ ফি এবং প্রফেশনাল বা টেকনিক্যাল সেবা);
- 52AAA (ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্টদের কমিশন);

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com

- 52M (ফ্রেইট ফরোয়ার্ড এজেন্সি কমিশন);
- 52O (ডায়মন্ড কাটিং শিল্পে নিয়োজিত বিদেশী টেকনিশিয়ান);
- 53D (সিনেমা/নাটক/বিজ্ঞাপন/বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য প্রদত্ত সম্মানী); এবং
- 53GG (সাধারণ বীমা কোম্• ানীর সার্ভেয়ার সেবার বিপরীতে প্রদেয় অর্থ)।
- উপরোক্ত সেবার বাইরে বিভিন্ন ধরণের সেবা রয়েছে। এর বিপরীতে অর্থ পাওয়া যায়। সংশোধিত বিধান অনুযায়ী উপরোক্ত ক্ষেত্র ব্যতীত যে কোন সেবার বিপরীতে অর্থ প্রদানকালে section 52AA এর আওতায় ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। ১ জুলাই, ২০১১ থেকে উৎসে কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে।
- এছাড়া, সংশোধিত বিধান অনুযায়ী এ ধারার অধীন অর্থ প্রদানকালে বা সেবা গ্রহীতার হিসেবে ক্রেডিট করার সময় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ঙ) সঞ্চয়পত্রের সুদের উৎসে কর কর্তন হ্রাস সংক্রান্ত [section 52D]ঃ

- সঞ্চয়পত্রের সুদের উপর উৎসে কর কর্তনের হার ১০% থেকে হ্রাস করে ৫% নির্ধারণ করা হয়েছে। হ্রাসকৃত হারে উৎসে কর কর্তনের এ বিধান ১ জুলাই, ২০১১ বা এর পরে ক্রয়কৃত সঞ্চয়পত্রসম—হের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। ৩০ জুন ২০১১ খ্রিঃ তারিখ পর্যন্ত ক্রয়কৃত সঞ্চয়পত্রসম—হের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে নতুন এ বিধান প্রযোজ্য হবে না।
- এই ধারার দ্বিতীয় প্রোভাইসো বিলোপ করা হয়েছে। এর ফলে ১লা জুলাই, ২০১১ বা তৎপরবর্তীতে ক্রয়কৃত

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com

পরিবার সঞ্চয়পত্র ও পেনশনার সঞ্চয়পত্রের সুদের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে যে সকল পরিবার সঞ্চয়পত্র ও পেনশনার সঞ্চয়পত্র ৩০ জুন ২০১১ খ্রিঃ তারিখ বা তার প—র্বে ক্রয় করা হয়েছে তা যখনই নগদায়ন করা হোক না কেন পরিশোধিত সুদ বা মুনাফা থেকে কোন উৎসে আয়কর কর্তন করা হবে না।

- অন্যদিকে, প্রজ্ঞাপন নং S.R.O 160-L/81, dated 25th May, 1981 বিলোপ করার মাধ্যমে ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ডের সুদের ক্ষেত্রে করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে। এর ফলে এ বন্ড থেকে উদ্ভ—ত সুদের উপর ৫% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। উৎসে কর কর্তনের এ বিধান ১ জুলাই, ২০১১ বা এর পরে ক্রয়কৃত এরূপ বন্ডের সুদ প্রদানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ৩০ জুন, ২০১১ পর্যন্ত উদ্ভুত সুদ আয় করমুক্ত থাকবে। বাংলাদেশের নাগরিকগণের দেশের বাইরে উদ্ভ—ত অর্থ প্রচলিত অধ্যাদেশের অধীনে বিদেশ থেকে এনে এ বন্ডে বিনিয়োগ করা হলে বিনিয়োগকৃত অর্থ সম্• র্কে কোন ব্যাখ্যা দেয়ার প্রযোজন হবে না। উলে-খ্য, এস,আর,ও নং ২১৬-আইন/আয়কর/ ২০০৪ তারিখ: ১৩ জুলাই, ২০০৪ এর মাধ্যমে এ অর্থ করমুক্ত।

Md Sajid Hossain Chowdhury, smartaccountantbd.com

(চ) রেন্টাল পাওয়ার থেকে উৎসে কর কর্তনের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত [section 52N]ঃ

রেন্টাল পাওয়ার কোম্পানীর নিকট থেকে বিদ্যুৎ কেনার সময় উৎসে কর কর্তনের ৩ বছরের সময়সীমা প্রত্যাহার করা হয়েছে। এর মাধ্যমে যে কোন সময় বিদ্যুৎ কেনার প্রেক্ষিতে অর্থ পরিশোধকালে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ছ) কনভেনশন হল, কনফারেন্স সেন্টারকে ভাড়া প্রদানকালে কর কর্তন [section 52P]ঃ

- আয়কর অধ্যাদেশে নতুন ধারা সংযোজন করা হয়েছে। এ বিধান অনুযায়ী কতিপয় প্রতিষ্ঠান বা এর সেবা ব্যবহার বা ভাড়ায় নেয়ার প্রেক্ষিতে ভাড়া প্রদানকালে সরকারী বা অন্য কোন কর্তৃপক্ষ বা কোম্পানী শ্রেণীর করদাতাগণ এ উৎসে কর কর্তন করবে। এ প্রতিষ্ঠানগুলো নিম্নরূপঃ
- কনভেনশন হল;
- কনফারেন্স সেন্টার; কক্ষ বা যে কোন নামে ব্যবহৃত
- হল;
- হোটেল;
- কমিউনিটি সেন্টার; বা
- রেষ্টুরেন্ট।

এ বিধান অনুযায়ী সরকার, কোন কর্পোরেশন, কোন আইনসিদ্ধ কর্তৃপক্ষ, কোম্পানী, এনজিও, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, প্রকৌশল কলেজ উপরোক্ত প্রতিষ্ঠান বা এর জায়গা ভাড়া নিয়ে ব্যবহার করলে ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। ভাড়া প্রদানকালে এ কর কর্তন প্রযোজ্য হবে। যেমন:

Md Sajid Hossain Chowdhury · smartaccountantbd.com

একজন ব্যক্তি একটি কমিউনিটি সেন্টারের মালিক। একটি কোম্• ানী তার পরিবেশক ও বিপণন কর্মকর্তাদের সম্মেলন উপলক্ষ্যে এ কমিউনিটি সেন্টারটি ভাড়া নিয়েছে। সেন্টারের ভাড়া বাবদ ২০ হাজার টাকা, আগত অতিথিদের খাবার সরবরাহ বাবদ ৭৫ হাজার টাকা এবং ডেকোরেশন চার্জ বাবদ ১০ হাজার টাকা সহ সর্বমোট দাবীর পরিমাণ ১ লক্ষ ৫ হাজার টাকা। এক্ষেত্রে, মোট পরিশোধযোগ্য ১ লক্ষ ৫ হাজার টাকার উপর ৫% হারে ৫ হাজার ২ শত ৫০ টাকা উৎসে কর কর্তনযোগ্য এবং ৯৯ হাজার ৭ শত ৫০ টাকা মালিককে পরিশোধযোগ্য হবে।

তবে যেক্ষেত্রে সরকার সরাসরি এ ভাড়া প্রাপক হবে, সেক্ষেত্রে এ উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না। লীজ বা চুক্তির মাধ্যমে যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সরকারী এরূপ প্রতিষ্ঠান পরিচালনা করে এবং বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করে, সেক্ষেত্রেও ভাড়ার উপর কর কর্তন প্রযোজ্য হবে। ১লা জুলাই, ২০১১ থেকে উৎসে কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

(জ) <u>বিদেশ থেকে প্রাপ্ত সার্ভিস চার্জ বা কনসালটেন্সী ফি এর উপর কর কর্তন [section 52Q]ঃ</u>

- আয়কর অধ্যাদেশে নতুন এ ধারা সংযোজন করা হয়েছে। এ বিধান অনুযায়ী দেশে অবস্থান করে বিদেশী কাউকে সেবা প্রদান করলে, এর বিপরীতে প্রাপ্ত অর্থের উপর উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। বিদেশ থেকে প্রাপ্ত এরূপ অর্থ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান তার গ্রাহককে প্রদানকালে বা তাঁর হিসাবে ক্রেডিটকালে ১০% হারে উৎসে কর কর্তন করবে। এ ধারার আওতায় উৎসে কর কর্তনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্ত পরিপালন করা হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে এ উৎসে কর কর্তন করতে হবেঃ

Md Sajid Hossain Bhuiyan · smartaccountantbd.com

- নিবাসী করদাতা কর্তৃক শুধুমাত্র দেশে অবস্থান করে কাজ সম•াদন করা বা সেবা দেয়া;
- বিদেশী কোন ব্যক্তি বা কোম•ানীকে এ সেবা প্রদান করা বা কাজ সম•াদন করে দেয়া;
- বিদেশ থেকে এ সেবা বা কাজের বিপরীতে অর্থ পাওয়া; এবং
- সার্ভিস চার্জ, কনসালটেন্সি ফি, কমিশন, সম্মানী বা যে কোন নামেই হোক না কেন, এ অর্থ প্রাপ্তির উপর এ ধারায় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

উৎসে কর কর্তন কিভাবে হবে তা নিচের উদাহরণে দেখানো হলো:

- বাংলাদেশী "ক" নামীয় কোম•ানী চীনা প্রতিষ্ঠান "খ" এর এজেন্ট হিসেবে কাজ করে। চীনা প্রতিষ্ঠানটির পণ্য বাংলাদেশে বাজারজাতকরণে বিশেষ ভুমিকা রাখার জন্য "ক" কোম•ানীকে ৫ লক্ষ মার্কিন ডলার প্রদান করা হ'ল। এক্ষেত্রে "ক" কোম•ানীকে এ ৫ লক্ষ ডলার পরিশোধের সময় সংশি-ষ্ট ব্যাংক ১০% হারে ৫০ হাজার ডলারের সমপরিমাণ অর্থ উৎসে কর কর্তনপ—র্বক বাকি ৪ লক্ষ ৫০ হাজার ডলারের সমপরিমাণ অর্থ "ক কোম•ানীর হিসাবে ক্রেডিট করবে।

তেমনিভাবে-

- একজন আইনজীবী বাংলাদেশে অবস্থান করে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি কোম•ানীর আইন পরামর্শক হিসেবে ২০ হাজার ডলার প্রাপ্ত হয়েছেন। ব্যাংক এ অর্থ পরিশোধকালে ১০% হারে ২ হাজার ডলারের সমপরিমাণ অর্থ উৎসে কর কর্তনপ—র্বক বাকি অর্থ গ্রাহকের হিসাবে জমা করবে।

Md Sajid Hossain Chowdhury, smartaccountantbd.com

অন্যদিকে-

- একজন ব্যক্তি যুক্তরাজ্যে তিনমাস অবস্থান করে একটি কোম্• ানীর কাজ করেছেন এবং বেতন ভাতাদি বাবদ ২০ হাজার পাউন্ড পেয়েছেন। তিনি দেশে ফিরে আসার পর এ অর্থ ব্যাংকের মাধ্যমে এসেছে। এ অর্থ তাঁর বিদেশে উপার্জিত বিধায় এর উপর কোন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

১লা জুলাই, ২০১১ থেকে উৎসে কর কর্তনের এ বিধান কার্যকর হবে।

- উলে-খ্য, ওয়েজ আর্নার্স কর্তৃক প্রেরিত অর্থের উপর কোন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

(ঝ) <u>গার্মেন্টসসহ কতিপয় রপ্তানীর উপর কর কর্তনের হার বৃদ্ধি [section 53BB]</u>ঃ

এ বিধান সংশোধনের মাধ্যমে উৎসে কর কর্তনের হার ০.৫০% থেকে বৃদ্ধি করে ০.৬০% নির্ধারণ করা হয়েছে। উলে-খ্য, নীটওয়্যার ও ওভেন গার্মেন্টসের রপ্তানীর উপর ০.৪০% হারে উৎসে কর কর্তন সংক্রান্@ এস. আর.ও নং ৩৪১-আইন/আয়কর/২০১০, তারিখ: ১০ অক্টোবর, ২০১০ বাতিল করা হয়েছে। এর ফলে নীটওয়্যার ও ওভেন গার্মেন্টস, টেরী টাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টুন ও এক্সেসরিজ, পাটজাত দ্রব্য, হিমায়িত খাদ্য, শাকসবজি, চামড়াজাত দ্রব্য, মোড়কজাত দ্রব্য রপ্তানীর ক্ষেত্রে মোট রপ্তানীর উপর ০.৬০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। ১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ঞ) <u>শেয়ার ব্রোকারের কমিশন থেকে কর কর্তনের হার বৃদ্ধি [section 53BBB]</u>ঃ

এ বিধান সংশোধনের মাধ্যমে উৎসে কর কর্তনের হার ০.০৫% থেকে বৃদ্ধি করে ০.১০% নির্ধারণ করা হয়েছে।

Md Sajid Hossain Shiraz to smartaccountantbd.com

শেয়ার ব্রোকার বা এরূপ ব্যবসায়ে নিযোজিত প্রতিষ্ঠানের কমিশনের উপর উৎসে কর কর্তন বাবদ শেয়ার বা সিকিউরিটিজ এর ক্রয়-বিক্রয়ের সময় তার ম—ল্যের উপর এ হারে উৎস কর কর্তন প্রযোজ্য হবে। ১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ট) **সকল রপ্তানীর উপর উৎসে কর কর্তনের হার বৃদ্ধি [section 53BBBB]ঃ**

এ বিধান সংশোধনের মাধ্যমে এ ধারার আওতায় সকল রপ্তানীর উপর উৎসে কর কর্তনের হার ০.৫০% থেকে বৃদ্ধি করে ০.৭০% নির্ধারণ করা হয়েছে। ১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ঠ) **গণনিলামে পণ্য বিক্রয়ের ক্ষেত্রে কর কর্তনের পরিধি বৃদ্ধি [section 53C]ঃ**

এ বিধান সংশোধনের মাধ্যমে প্রাইভেট লিমিটেড কোম্• ানীও তার কোন পণ্য নিলামে বিক্রয়কালে এ ধারার আওতায় উৎসে কর আহরণ করবে। প—র্বে প্রাইভেট লিমিটেড কোম্• ানীকে নিলামে পণ্য বিক্রয়কালে উৎসে কর আহরণ করতে হত না। বর্তমান বিধান অনুযায়ী কোম্• ানী শ্রেণীর সকল করদাতাকে নিলামে পণ্য বিক্রয়কালে নিলাম ক্রেতার নিকট থেকে নির্ধারিত হারে কর আহরণ করতে হবে। ১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ড) **রেডিও/টিভি কর্তৃক অনুষ্ঠান ক্রয়কালে বা অভিনেতা/ অভিনেত্রী/সঙ্গীত শিল্পীদের সম্মানী থেকে উৎসে কর কর্তন [section 53D] ঃ**

প—র্বতন section 53D সম্• —র্ণরূপে প্রতিস্থাপন করা হয়েছে। সংশোধিত বিধানের ফলে-

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

- সিনেমা, নাটক বা রেডিও ও টিভির অনুষ্ঠান ক্রয়কালে বিক্রয়কারীর নিকট থেকে ১০% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। সম•—র্ণ বা আংশিক অর্থ প্রদানকালে বা এ অর্থ বকেয়া হিসেবে প্রদর্শন করলেও নির্ধারিত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এর ফলে রেডিও বা টিভি কর্তৃপক্ষ কর্তৃক প্রযোজকদের নিকট থেকে সিনেমা, নাটক বা কোন অনুষ্ঠান ক্রয়কালে প্রদেয় অর্থের উপর এ কর্তন করতে হবে। তেমনিভাবে অন্য কোন কর্তৃপক্ষ বা কোম•ানী শ্রেণীর করদাতাগণও যদি এরূপ অনুষ্ঠান ক্রয় করে, তাহলে তাদেরকেও এ হারে কর কর্তন করতে হবে।

- অভিনেতা-অভিনেত্রীদের সম্মানী বাবদ প্রদেয় অর্থের উপর কর কর্তনের বিধান সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী সিনেমা, নাটক, বিজ্ঞাপন বা রেডিও ও টিভির অনুষ্ঠানে অংশগ্রহণকারী ব্যক্তিদের সম্মানী বাবদ প্রদেয় যে কোন অংকের উপর ১০% হারে উৎসে কর কর্তনের বিধান করা হয়েছে। প—র্বের বিধান অনুযায়ী ৩৬ হাজার টাকার সম্মানী প্রদানকালে কর কর্তন প্রযোজ্য হত। এ সংক্রান্ত বিধি বাতিল করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী যে কোন অংক প্রদানকালে এ কর কর্তন প্রযোজ্য হবে। এ বিধানের ফলে সিনেমা, নাটক বা রেডিও ও টিভির অনুষ্ঠানে অংশগ্রহণকারী যে কোন ব্যক্তিকে সম্মানী বাবদ অর্থের উপর কর কর্তন প্রযোজ্য হবে। ফলে অভিনেতা-অভিনেত্রী, গায়ক-গায়িকা, পরিচালক, অতিথি বক্তা বা অংশগ্রহণকারীদের সম্মানী প্রদানকালে বা প্রদানকারীর হিসাব বিবরণীতে ক্রেডিটকালে এ অর্থের উপর উৎসে কর কর্তন করতে হবে।

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 32 / 121

১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ঢ) কমিশন, ডিসকাউন্ট বা ফি এর উপর উৎসে কর কর্তনের পরিধি বৃদ্ধি [section 53E]ঃ

সংশোধিত বিধান অনুযায়ী যে কোন পণ্য পরিবেশন বা বিপণনকালে কমিশন বা ফি থেকে ৭.৫% হারের পরিবর্তে ১০% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। প—র্বের বিধান অনুযায়ী কেবল নিজস্ব উৎপাদিত পণ্য পরিবেশন বা বিপণনকালে পরিবশেক বা কোন ব্যক্তিকে কমিশন বা ফি দেয়ার ক্ষেত্রে এ উৎসে কর কর্তন করতে হত। বর্তমান বিধান অনুযায়ী নিজস্ব পণ্য উৎপাদনের শর্ত প্রত্যাহার করা হয়েছে। এর মাধ্যমে নিজস্ব বা অন্যের উৎপাদিত পণ্য সহ আমদানীকৃত পণ্য যে কোনভাবে পরিবেশন বা বিপণনকালে প্রদত্ত কমিশন বা ফি থেকে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ণ) রিয়েল এষ্টেট বা ভূমি উন্নয়ন ব্যবসায় নিয়োজিতদের নিকট থেকে উৎসে কর কর্তনের হার যৌক্তিকীকরণ [section 53FF]ঃ

রিয়েল এষ্টেট ডেভেলপার বা ভূমি উন্নয়ন ব্যবসায় নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক আবাসিক বা বাণিজ্যিক ভাবে ব্যবহারের উদ্দেশ্যে নির্মানের ভিত্তিতে উৎসে কর কর্তনের হার নির্ধারণ করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী আবাসিক ও অনাবাসিক কাজের জন্য ব্যবহৃত বাড়ী বা ফ্লাট রেজিষ্ট্রেশনকালে উৎসে কর কর্তনের ক্ষেত্রে নতুন হার নির্ধারণ করা হয়েছে। একই সাথে উৎসে কর কর্তনের জন্য সারা দেশকে দুটি শ্রেণীর পরিবর্তে তিনটি শ্রেণীতে বিভক্ত করে আলাদা আলাদা কর হার নির্ধারণ করা হয়েছে।

Md Sajid Hossain Shihanto · smartaccountantbd.com

এক্ষেত্রে এলাকার ভিত্তিতে নিম্নোক্ত হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবেঃ

এলাকা	আবাসিকের ক্ষেত্রে হার (টাকা প্রতি বর্গমিটারে)	অনাবাসিকের ক্ষেত্রে হার (টাকা প্রতি বর্গমিটারে)
ঢাকা'র গুলশান, বনানী, বারিধারা, মতিঝিল ও দিলকুশা	২,০০০/-	৮,০০০/
ঢাকা'র ধানমন্ডি, ডিওএইচএস, মহাখালী, লালমাটিয়া, উত্তরা, বসুন্ধরা, ঢাকা ক্যান্টনমেন্ট, কারওয়ানবাজার এবং চট্টগ্রামের পাঁচলাইশ, খুলশী, আগ্রাবাদ ও নাসিরাবাদ	১,৮০০/-	৬,০০০/-
অন্যান্য এলাকা	৮০০/-	২,০০০/-

তবে একটি ভবন আংশিকভাবে আবাসিক হলে যে অংশ আবাসিকভাবে ব্যবহৃত, ঐ অংশের রেজিষ্ট্রেশনকালে আবাসিক ফ্লাট/বাড়ীর ক্ষেত্রে প্রযোজ্য হারে এবং অন্য অংশের ক্ষেত্রে অনাবাসিক ফ্লাট/স্ে•সের ক্ষেত্রে প্রযোজ্য হারে উৎসে কর আরোপযোগ্য হবে। যেমন গুলশানে একটি ২০ তলা ভবনের ৫ম তলা পর্যন্ত মার্কেট বা দোকান এবং বাকি ১৫ তলা আবাসিক ফ্লাট হিসেবে নির্মিত। রিয়েল এষ্টেট ডেভেলপার এ ভবন বা এর অংশ রেজিষ্ট্রেশনকালে এই ভবনের প্রথম ৫ তলা পর্যন্ত ৮ হাজার টাকা প্রতি বর্গ মিটারে আয়কর প্রদান করবে এবং বাকি ১৫ তলা ২ হাজার টাকা প্রতি বর্গ মিটার হারে আয়কর প্রদান করবে।

১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(ত) <u>জমি/বাড়ী ইত্যাদি সম্• ত্তি বিক্রয়কালে উৎসে কর কর্তনের ক্ষেত্রে পরিধি বৃদ্ধিকরণ [section 53H]</u>ঃ

সম্• ত্তি হস্ত্রান্তরকালে উৎসে কর কর্তন সংক্রান্ত বিধান সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী

Md Sajid Hossain Chowdhury · smartaccountantbd.com

সম• ত্তি রেজিষ্ট্রেশনকালে উৎসে কর কর্তনের হার বহাল থাকলেও সম• ত্তির অবস্থান সংক্রান্ত পরিধি বিস্তৃত করা হয়েছে। নতুন বিধান অনুযায়ী-

- ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ জেলার কৃষি-অকৃষি সম• ত্তি নির্বিশেষে হস্তান্তরকালে উৎসে কর কর্তনের আওতায় আনা হয়েছে;
- এছাড়া, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় অবস্থিত কৃষি-অকৃষি নির্বিশেষে যে কোন সম• ত্তি হস্তান্তরকালেও উৎসে কর কর্তন প্রযোজ্য হবে;
- এ এলাকায় উৎসে কর কর্তনের হার ২%;
- উপরে উলি-খিত এলাকার বাইরে অবস্থিত যে কোন ম—ল্যের অকৃষি সম• ত্তি হস্তান্তরকালে ১% হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। তবে এ এলাকায় কোন কৃষি সম• ত্তি হস্তান্তকালে কর কর্তন প্রযোজ্য হবে না;
- এ সংক্রান্ত বিধি 17I বিলোপ করা হয়েছে; এবং
- এ বিধানের সাথে সঙ্গতি রেখে ম—লধনী সম• ত্তি হিসেবে অধ্যাদেশের ২(১৫) ধারায়ও প্রয়োজনীয় সংশোধনী আনা হয়েছে। সংশোধিত বিধানের ফলে ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ জেলা, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, অন্য সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ডের এলাকার মধ্যে অবস্থিত যে কোন জমি বা বাড়ীকে ম—লধনী সম• ত্তি হিসেবে বিবেচনা করা হয়েছে।

১ লা জুলাই, ২০১১ থেকে এ হারে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

Md Sajid Hossain Siddiqui · smartaccountantbd.com

(থ) **খালি জায়গা বা প-ান্ট-মেশিনারী ভাড়ার ক্ষেত্রে কর কর্তনের পরিধি বৃদ্ধি [section 53J]ঃ**

সংশোধিত বিধান অনুযায়ী এ ধারার অধীন অর্থ প্রদানকালে বা সেবা গ্রহীতার হিসেবে ক্রেডিট করার সময় উৎসে কর কর্তন প্রযোজ্য হবে।

(দ)) **উৎসে কর কর্তন সংক্রান্ত ৮ম শিডিউল ও এ সংক্রান্ত section 62A বিলোপঃ**

আয়কর অধ্যাদেশের ৭ম অধ্যায়ে বিভিন্ন ধারায় উৎসে কর কর্তনের বিধান রয়েছে। কিন্তু উৎসে কর্তন সংক্রান্ত অধ্যাদেশের একই বিধানসম—হ ৮ম শিডিউলে পুনরায় সংক্ষিপ্ত আকারে দেয়া ছিল। ৮ম শিডিউল এবং এ সংক্রান্ত section 62A বাতিল করা হয়েছে। তবে ৭ম অধ্যায়ে বিভিন্ন ধারায় উৎসে কর কর্তনের বিধান সম• র্কিত সংক্ষিপ্ত বিবরণী যা বাতিলকৃত ৮ম শিডিউলে উলি-খিত ছিল তা হালনাগাদ করে এ পরিপত্রের শেষাংশে সংযোজন করা হয়েছে।

৭। **মাননীয় প্রধানমন্ত্রী/স•ীকার/মন্ত্রী/উপদেষ্টা/জাতীয় সংসদ সদস্যগণের আয় পরিগণনা সংক্রান্তঃ**

মাননীয় প্রধানমন্ত্রী, স•ীকার, ডেপুটি স•ীকার, মন্ত্রী পরিষদের সদস্যগণ ও মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টা এবং মহান জাতীয় সংসদের সদস্যগণের বেতন-ভাতাদির উপর করারোপের বিষয়ে দু'টি এসআরও জারি করা হয়েছে। এগুলো হ" ছ;

- এস,আর,ও নং ২২৬-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী এক অর্থ বছরে প্রাপ্ত ম—ল বেতন (basic salary) বা ম—ল সম্মানী (basic remuneration) কে করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে।
- এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১ তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে উপরোক্ত ব্যক্তিগণের আয়ের

Md Sajid Hossain Pranto · smartaccountantbd.com

করমুক্ত সুবিধা সংক্রান্ত এস,আর,ও নং ৪৪০-এল/৭৬ তারিখ: ১৮ ডিসেম্বর, ১৯৭৬ রহিত করা হয়েছে।

তাঁদেরকে ২০১১-১২ করবর্ষের আয়কর রিটার্নে নতুন প্রজ্ঞাপনে বর্ণিত পদ্ধতিতে মোট আয় গণনা করতে হবে। অর্থাৎ ২০১০-১১ অর্থ বছরে প্রাপ্ত ম—ল বেতন বা সম্মানীকে মোট বেতন আয় হিসেবে রিটার্নে প্রদর্শন করতে হবে। তবে অন্যান্য ভাতাদি হিসেবে প্রাপ্ত অর্থ তাঁর পরিসম্পদ ও দায় বিবরণীতে সম্পদ পরিবৃদ্ধির উৎস হিসেবে বিবেচনা করা যাবে।

৮। **প্রধান বিচারপতি এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণের আয় পরিগণনা সংক্রান্তঃ**

প্রধান বিচারপতি এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারকগণের বেতন-ভাতাদির উপর করারোপের বিষয়ে দু'টি এসআরও জারি করা হয়েছে। এগুলো হ" ছ;

- এস,আর,ও নং ২২৭-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-৯) এর মাধ্যমে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারকগণের এক অর্থ বছরে প্রাপ্ত ম—ল বেতন (basic salary) কে করযোগ্য আয় হিসেবে বিবেচনা করার বিধান করা হয়েছে।
- এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১ তারিখ: ৪ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-৭) এর মাধ্যমে উপরোক্ত ব্যক্তিগণের আয়ের করমুক্ত সুবিধা সংক্রান্ত এস,আর,ও নং ৪৪০-এল/৭৬ তারিখ: ১৮ ডিসেম্বর, ১৯৭৬ রহিত করা হয়েছে।

এ প্রজ্ঞাপন অনুযায়ী প্রধান বিচারপতি এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারকগণের এক অর্থ বছরে প্রাপ্ত শুধুমাত্র ম—ল বেতন আয় হিসেবে বিবেচিত

Md Sajid Hossain Shanto smartaccountantbd.com

হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমনঃ বোনাস, বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াতা ভাতা, শ্রান্ি@ বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে। এক্ষেত্রে বিধি-৩৩ প্রযোজ্য হবে না।

২০১১-১২ করবর্ষের আয়কর রিটার্নে এক অর্থ বছরে প্রাপ্ত শুধুমাত্র ম—ল বেতন আয় হিসেবে প্রদর্শন করতে হবে। তবে অন্যান্য ভাতাদি হিসেবে প্রাপ্ত অর্থ তাঁর পরিসম্• দ ও দায় বিবরণীতে সম্• দ পরিবৃদ্ধির উৎস হিসেবে বিবেচনা করা যাবে।

৯। **সরকারী কর্মকর্তাদের আয় গণনা ও রিটার্ন দাখিল সংক্রান্@ঃ**
সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির উপর আয় পরিগণনার জন্য নতুন প্রজ্ঞাপন এস,আর,ও নং ২২৮-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-১০) জারি করা হয়েছে। এ প্রজ্ঞাপনের মাধ্যমে একজন সরকারী কর্মকর্তা/কর্মচারীর ম—ল বেতন করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমনঃ বোনাস, বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াতা ভাতা, শ্রান্ি@ বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে। সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতন খাতে আয় নিরূপন পর্যায়ে বিধি-৩৩ প্রযোজ্য হবে না।

২০১১-১২ করবর্ষের আয়কর রিটার্নে এক অর্থ বছরে প্রাপ্ত শুধুমাত্র ম—ল বেতন করযোগ্য আয় হিসেবে প্রদর্শন করতে হবে এবং সে অনুযায়ী প্রদেয় করের পরিমাণ পরিগণনা করতে হবে। সামরিক বাহিনীতে কর্মরতদের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে। তবে সরকারী কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এ সুবিধা প্রাপ্য হবেন না। অর্থাৎ তাদের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশে বর্ণিত বিধান অনুযায়ী মোট আয় পরিগণনা করতে হবে।

১০। **প্রদেয় অগ্রিম আয়কর পরিশোধে ব্যর্থতার ক্ষেত্রে সরল সুদ গণনার ভিত্তি হিসেবে প্রদেয় করের ৭৫% বিবেচনা [section 73 সংশোধন]:**

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

আয়কর অধ্যাদেশের section 73(3) সংশোধন করা হয়েছে। এ ধারার বিধান অনুযায়ী সরল সুদ গণনার ক্ষেত্রে প্রদেয় অগ্রিম আয়কর পরিশোধের ভিত্তি হিসেবে প্রদেয় করের ৭৫% বিবেচিত হয়। এ বিষয়টি সম• র্কে অস্• ষ্টতা দ—রীকরণের লক্ষ্যে এ সংশোধনীটি আনয়ন করা হয়েছে।

১১। **সকল এনজিওদের আয়কর রিটার্ন দাখিল বাধ্যতাম—লক সংক্রান্ত বিধান [সংশোধন [section 75]:**

আয়কর অধ্যাদেশের ৭৫ ধারা সংশোধন করে এনজিও বিষয়ক ব্যুরোতে নিবন্ধিত সকল এনজিও'র আয়কর রিটার্ন দাখিল বাধ্যতা ম—লক করা হয়েছে।

১২। **উৎসে কর কর্তন সংক্রান্ত ত্রৈমাসিক রিটার্ন প্রবর্তন [section 75A]:**

আয়কর অধ্যাদেশের ৭ম অধ্যায়ে বর্ণিত বিভিন্ন খাতে উৎসে কর কর্তন বা সংগ্রহের দায়িত্ব রয়েছে বিভিন্ন কর্তৃপক্ষের উপর। এ কর্তন সংক্রান্ত তথ্য প্রমানাদিসহ একটি বিবরণী জমা দেয়ার জন্য একটি ত্রৈমাসিক রিটার্ন দাখিলের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে এবং এজন্য অধ্যাদেশে নতুন section 75A সংযোজন করা হয়েছে। এ উদ্দেশ্যে একটি রিটার্ন ফরম প্রণয়ন করা হয়েছে যা আয়কর বিধি 24A এ উলি-খিত হয়েছে। শুধুমাত্র কোম্• ানী করদাতাগণ ৩ মাস অন্তর অন্তর এ রিটার্ন দাখিল করবে। সরকারী কর্তৃপক্ষ, পাবলিক বিশ্ববিদ্যালয় বা এরূপ কর্তৃপক্ষকে বা কোন ব্যক্তিকেও উৎসে কর কর্তন সংক্রান্ত এ রিটার্ন দাখিলের প্রয়োজন হবে না। কোম্• ানী যে সার্কেল বা কর্তৃপক্ষের নিকট আয়কর রিটার্ন দাখিল করে বা যেখানে তার কর নির্ধারণ হয়, সেই সার্কেল বা কর্তৃপক্ষের নিকট এ উৎসে কর কর্তন সংক্রান্ত রিটার্ন দাখিল করতে হবে। যে কোন অংকের উৎসে কর কর্তন করা হলে এ ধারার আওতায় রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা থাকবে। এ সংক্রান্ত বিধানের সার-সংক্ষেপ নিচে দেয়া হলঃ

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

- অক্টোবর, জানুয়ারী, এপ্রিল ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে সংশি-ষ্ট মেয়াদের রিটার্ন দাখিল করতে হবে;
- করদাতার আবেদন সাপেক্ষে উপ কর কমিশনার সর্বো" চ ১৫ দিন পর্যন্ত এ রিটার্ন দাখিলের সময়সীমা বৃদ্ধি করতে পারবে;
- বিধি দ্বারা নির্ধারিত রিটার্ন প—রণ করে দাখিল ও তথ্য-প্রমানাদি উপস্থাপন করতে হবে;
- ম—খ্য কর্মকর্তা কর্তৃক রিটার্নটি স্বাক্ষরিত ও প্রতিপাদিত হতে হবে;
- রিটার্নের সাথে উৎসে কর কর্তন সংক্রান্ত একটি বিবরণী এবং সংশি-ষ্ট ট্রেজারী চালান বা পেমেন্ট অর্ডারের কপি সংযুক্ত করতে হবে;
- নির্ধারিত সময়ের মধ্যে এ রিটার্ন দাখিল করা না হলে section 124 অনুযায়ী জরিমানা করা যাবে মর্মে বিধান করা হয়েছে;
- এ রিটার্নে উৎসে কর কর্তনের ক্ষেত্রে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে প্রয়োজনে section 117A অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে; এবং
- এটি ২০১১-১২ অর্থ বছরের বা তৎপরবর্তীতে উৎসে কর কর্তনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অর্থাৎ জুলাই থেকে সেপ্টেম্বর, ২০১১ সময়ে যে কর কর্তন হবে তার উপর প্রথম রিটার্ন ১৫ অক্টোবর, ২০১১ তারিখের মধ্যে সংশি-ষ্ট উপ কর কমিশনারের নিকট দাখিল করতে হবে।

১৩। <u>নির্দিষ্ট আর্থিক লেনদেনের উপর "Annual Information Return" দাখিলের বিধান প্রবর্তন [section 75B]</u> :

আয়কর অধ্যাদেশে নতুন এ ধারা সংযোজনের মাধ্যমে কিছু নির্দিষ্ট আর্থিক লেনদেনের উপর এ রিটার্ন দাখিলের বিধান প্রবর্তন করা

Md Sajid Hossain Chimanbhoy · smartaccountantbd.com

হয়েছে। সরকার প্রজ্ঞাপন জারির মাধ্যমে কাদের জন্য এ রিটার্ন প্রযোজ্য হবে তা ঠিক করতে পারবে। করদাতা বা করদাতা সমষ্টির জন্য এ রিটার্ন দাখিল ক্ষেত্রমত প্রযোজ্য হবে। এর ফলে-

- যে কর্তৃপক্ষ কোন ডকুমেন্টস বা প্রমানাদি নিবন্ধন করে; বা
- যাদের কাছে কোন হিসাব বিবরণী সংরক্ষিত থাকে তাদের ক্ষেত্রে এ রিটার্ন দাখিলের প্রয়োজন হবে। যেখানে এ নির্দিষ্ট আর্থিক লেনদেন সংগঠিত হয়ে থাকে, সে কর্তৃপক্ষকে এ আর্থিক লেনদেনের উপর সরকার রিটার্ন দাখিলের জন্য বলতে পারবে। এ রিটার্নটি-
- জাতীয় রাজস্ব বোর্ডের নিকট বা বোর্ড কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে; এবং
- জমা দেয়ার ফরম, পদ্ধতি বা সময় পরবর্তীতে বোর্ড বিধি দ্বারা নির্ধারণ করবে।

১৪। আয়কর রিটার্ন গ্রহণ ও প্রাপ্তি স্বীকার পত্র প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদানের বিধান প্রবর্তন [section 75C]:

- আয়কর রিটার্ন গ্রহণ এবং এর প্রাপ্তি স্বীকার পত্র প্রদানের ক্ষমতা রাজস্ব বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত কর্তৃপক্ষ পালন করর বিধান সংযোজন করা হয়েছে। তবে উপ কর কমিশনারের বিদ্যমান ক্ষমতা অপরিবর্তি রয়েছে বিধায় তারাও আয়কর রিটার্ন গ্রহণ ও প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করতে পারবেন। আয়কর মেলা বা অনলাইনে আয়কর রিটার্ন গ্রহণ ও প্রাপ্তি স্বীকার পত্র প্রদানের সুবিধার্থে এ বিধান করা হয়েছে। আয়কর অধ্যাদেশের ধারা ৭৫, ৭৭, ৭৮, ৮৯(২), ৯১(৩) ও ৯৩(১) ধারায় প্রদত্ত রিটার্ন এ কর্তপক্ষ গ্রহণ ও প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করতে পারবে। এ কর্তৃপক্ষ কোন কর নির্ধারণ আদেশ প্রণয়ন করতে পারবে না।

- একই সাথে এরূপ কর্তৃপক্ষ করদাতা সনাক্তকরণ সংখ্যা (টিআইএন) এর আবেদন গ্রহণ ও টিআইএন ইস্যু কতে

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 41 / 121

পারবে। এ সংক্রান্ত বিধি সংশোধন করা হয়েছে। তবে জাতীয় রাজস্ব বোর্ড পরবর্তীতে এরূপ কর্তৃপক্ষ সুনির্দিষ্ট করবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

১৫। **ইলেকট্রনিক পদ্ধতিতে রিটার্ন দাখিল এবং ২০% আয় বৃদ্ধি করে সর্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ণ শর্ত সাপেক্ষে নিরীক্ষার আওতার বাইরে রাখার বিধান [section 82BB সংশোধন]:**

(ক) আয়কর অধ্যাদেশের section 82BB এর sub-section (1) সংশোধনের মাধ্যমে নিম্নোক্ত বিধান প্রবর্তন করা হয়েছেঃ

(অ) সর্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ন নিরীক্ষা করার বিষয়টি অধিকতর স্পষ্ট করার লক্ষ্যে sub-section (3) এর সাথে সম্পর্কিত করা হয়েছে;

(আ) করদাতাগণ প্রযোজ্য ক্ষেত্রে ইলেকট্রনিক পদ্ধতিতে বা প্রচলিত সাধারণ পদ্ধতিতে আয়কর রিটার্ন দাখিল করতে পারবেন মর্মে বিধান সংযোজন করা হয়েছে। একই সাথে উপ কর কমিশনার কর্তৃক ইলেকট্রনিক পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রও ইলেকট্রনিক পদ্ধতিতে করদাতাকে দিতে পারবেন মর্মে বিধান করা হয়েছে।

(খ) আয়কর অধ্যাদেশের section 82BB এর sub-section (3) সংশোধনের মাধ্যমে নিম্নোক্ত বিধান প্রবর্তন করা হয়েছেঃ

(অ) সর্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নে আয় গোপন করা বা কর ফাঁকি দেয়া হলে অধ্যাদেশের ৯৩ ধারায় ব্যবস্থা গ্রহণ করা সংক্রান্ত বিধানটি অধিকতর স্পষ্ট করা হয়েছে। অর্থাৎ সর্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নে আয় গোপনের তথ্য উদ্‌ঘাটিত হলে প—র্বের ন্যায় অধ্যাদেশের ৯৩ ধারায় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

Md Sajid Hossain, smartaccountantbd.com

রিটার্ন নিরীক্ষার নতুন শর্তঃ

(আ) সর্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত আয়কর রিটার্ন নিরীক্ষার জন্য নতুন বিধান করা হয়েছে। এ বিধান অনুযায়ী ২০% আয় বৃদ্ধি করে রিটার্ন দাখিল করা হলে কতিপয় শর্ত সাপেক্ষে এ রিটার্নকে নিরীক্ষা করা যাবে না। তবে নিম্নোক্ত বিষয়গুলি রিটার্নে প্রতিফলিত হলে উলি-খিত আয় বৃদ্ধি সত্ত্বেও নিরীক্ষার আওতায় পড়বেঃ

- করমুক্ত আয় প্রদর্শন করা হলে (বিধি ৩৩ এর অধীনে কর অব্যাহতিপ্রাপ্ত আয় ব্যতীত);
- দান গ্রহণ থাকলে;
- ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ভিন্ন অন্য কোন উৎস থেকে ঋণ গ্রহণ থাকলে; বা
- সম•দ পরিবৃদ্ধি ও পারিবারিক ব্যয় আয় দ্বারা আবৃত না থাকলে।

এছাড়া, নিরীক্ষার আওতায় না পড়লেও কোন রিটার্নে আয় গোপন করা হলে, কর ফাঁকি দেয়া হলে বা সপ্তম অধ্যায় অনুযায়ী উৎসে কর কর্তনের দায়িত্ব পালন না করার বিষয়টি প্রমানিত হলে সংশি-ষ্ট করবর্ষের রিটার্নের ক্ষেত্রে অধ্যাদেশের ৯৩/১২০ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬। **চূড়ান্ত করদায় সংক্রান্ত বিধানের সংস্কার [section 82C সংশোধন]:**

আয়কর অধ্যাদেশের section 82C সম•র্ণভাবে প্রতিস্থাপন করা হয়েছে এবং করদাতার চূড়ান্ত আয় পরিগণনার ক্ষেত্রে নতুন বিধান সন্নিবেশ করা হয়েছে। এ বিধানের ফলে আয়কর অধ্যাদেশের ৭ম অধ্যায় অনুযায়ী নির্দিষ্ট খাতে কর্তিত/সংগৃহীত করের বিপরীতে সংশি-ষ্ট কর বছরের কর হার অনুযায়ী আয় পরিগণনা করা হবে এবং কিছু শর্ত সাপেক্ষে এটি চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে। নতুন বিধানের ফলে আয়কর অধ্যাদেশের

Md Sajid Hossain Sumanto · smartaccountantbd.com

৩০ ধারায় বর্ণিত উৎসে কর কর্তনের দায়িত্ব সংশি-ষ্ট করদাতাকে পরিপালন করতে হবে, কর্তিত বা সংগৃহীত করের বিপরীতে নিরূপিত আয়ের অতিরিক্ত আয় প্রদর্শন করা বা নিরূপিত হলে অতিরিক্ত আয়ের উপর করারোপ করার বিধান করা হয়েছে। এ বিধানের সার সংক্ষেপ নিচে দেয়া হলোঃ

(ক) sub-section (1) ঃ নির্দিষ্ট খাতের বিপরীতে অধ্যাদেশের সপ্তম অধ্যায় অনুযায়ী উৎসে কর্তিত বা সংগৃহীত করকে শর্ত সাপেক্ষে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা হয়েছে। তবে একই ধারার sub-sections (3), (4) (5), (6), (7), (8) এবং (9) অনুসরণের শর্তে যে খাত থেকে কর কর্তন করা হয়েছে সেই খাতের চূড়ান্ত করদায় বিবেচনার বিষয়টি উলে-খ করা হয়েছে।

(খ) **চুড়ান্ত করদায়ের খাতঃ** [sub-section (2)] কোন্ কোন্ খাতের উৎসে কর কর্তনকে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচনা করা হবে তা সুনির্দিষ্ট করা হয়েছে।

(গ) **রিফান্ডের সাথে সমন্বয়যোগ্য নয়ঃ** [sub-section (3)] কর্তিত বা সংগৃহীত আয়কর প—র্ববর্তী বছর বা বছরসম—হের সৃষ্ট রিফান্ডের (যদি থাকে) সাথে সমন্বয়যোগ্য হবে না।

(ঘ) **কর্তিত করের ভিত্তিতে আয়ঃ** [sub-section (4)] কর্তিত বা সংগৃহীত আয়করের ভিত্তিতে মোট আয় নিরূপিত হবে। যে পরিমাণ অর্থ কর্তন বা সংগৃহীত হয়েছে, তার বিপরীতে সংশি-ষ্ট কর বছরের অর্থ অধ্যাদেশে উলি-খিত তফসিলের কর হার প্রয়োগ করে মোট আয় নিরূপিত হবে। এ সম• র্কে উদাহরণ নিচে দেয়া হলোঃ

(১) ২০১১-১২ করবর্ষে একজন ব্যক্তির নিম্নোক্ত আয় ও কর্তিত কর রয়েছেঃ

- বাড়ী ভাড়ার আয় ২,৫০,০০০/-
- ব্যবসায়ের অন্যান্য উৎসের আয় ২,০৫,০০০/-
- আমদানীর বিপরীতে কর্তিত কর ৫০,০০০/-

Md Sajid Hossain Sikdar · smartaccountantbd.com

এই করদাতার মোট আয় কিভাবে নিরূপিত হবে তা নিচে দেখানো হলোঃ

আমদানীর বিপরীতে কর্তিত কর চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য। ফলে আয় নিরূপনের ক্ষেত্রে প্রথমে চূড়ান্ত করদায় বহির্ভূত অংশের আয় নিরূপন করতে হবে। এক্ষেত্রে করদাতার চূড়ান্ত করদায় বহির্ভূত আয় হবে" ছ

- বাড়ী ভাড়ার আয় ২,৫০,০০০/-
- ব্যবসায়ের অন্যান্য উৎসের আয় ২,০৫,০০০/-

মোট আয় টাঃ ৪,৫৫,০০০/-

প্রদেয় করের পরিমাণ হবে-

(৪,৫৫,০০০ - ১৮০,০০০) ২৭৫,০০০ টাকার ১০% হারে ২৭,৫০০/- টাকা।

চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয় হবে-

পরবর্তী আয়ের ঁর (৩,০০,০০০ - ২৭৫,০০০) ২৫,০০০ টাকার উপর ১০% হারে ২,৫০০/-;

পরবর্তী (৫০,০০০-২,৫০০) ৪৭,৫০০ টাকা কর হবে ১৫% হারে ৩১৬,৬৬৭/- টাকা আয়ের উপর;

চূড়ান্ত করদায় সংশি-ষ্ট খাতের আয় হবে- টাঃ ৩৪১,৬৬৭/-

করদাতার মোট আয় হবে- টাঃ ৪,৫৫,০০০/ + ৩,৪১,৬৬৭/- = ৭৯৬,৬৬৭/- এবং নীট প্রদেয় করের পরিমাণ হবে টাঃ ২৭,৫০০/-

(২) ২০১১-১২ করবর্ষে একজন ব্যক্তির নিম্নোক্ত আয় ও কর্তিত কর রয়েছেঃ

- বাড়ী ভাড়ার আয় ৮০,০০০/-
- আমদানীর বিপরীতে কর্তিত কর ৫০,০০০/-

এই করদাতার মোট আয় কিভাবে নিরূপিত হবে তা নিচে দেখানো হলোঃ

আমদানীর বিপরীতে কর্তিত কর চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য। ফলে আয় নিরূপনের ক্ষেত্রে প্রথমে চূড়ান্ত করদায় বহির্ভূত অংশের আয় নিরূপন করতে হবে। এক্ষেত্রে করদাতার চূড়ান্ত করদায় বহির্ভূত আয় হবে" ছ-

- বাড়ী ভাড়ার আয় ৮৫,০০০/-

চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয় হবে-

Md Sajid Hossain Khandaker · smartaccountantbd.com

করমুক্ত আয়ের সীমা (১,৮০,০০০-৮৫,০০০) ৯৫,০০০/- টাকা
পরবর্তী কর ৩০,০০০/- হবে যখন আয় ৩,০০,০০০/- টাকা
পরবর্তী কর ২০,০০০/-হবে যখন আয় ১,৩৩,৩৩৩/- টাকা
চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয় ৫,২৮,৩৩৩/- টাকা

করদাতার মোট আয় হবে টাঃ ৮৫,০০০/- + ৫,২৮,৩৩৩/- = ৬,১৩,৩৩৩/- এবং কোন কর প্রদেয় হবে না।

(৩) ২০১১-১২ করবর্ষে একজন ব্যক্তির নিম্নোক্ত আয় ও কর্তিত কর রয়েছেঃ

- বেতন আয় ২,৫০,০০০/-
- ৩-মাস অন্তর সঞ্চয়পত্রের সুদ ৮০,০০০/-
- জমি বিক্রয় দলিল ম—ল্য অনুযায়ী ২০,০০,০০০/-

এবং উৎসে কর্তিত করের পরিমাণ ৪০,০০০/-

এই করদাতার মোট আয় কিভাবে নিরূপিত হবে তা নিচে দেখানো হলোঃ
জমি বিক্রয়ের বিপরীতে কর্তিত কর চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য। ফলে আয় নিরূপনের ক্ষেত্রে প্রথমে চূড়ান্ত করদায় বহির্ভ—ত অংশের আয় নিরূপন করতে হবে। এক্ষেত্রে করদাতার চূড়ান্ত করদায় বহির্ভ—ত আয় হ” ছ

- বেতন আয় টাঃ ২,৫০,০০০/-
- সঞ্চয়পত্রের সুদ টাঃ ৮০,০০০/-
- সঞ্চয়পত্রের সুদ থেকে কর্তন টাঃ ৮,০০০/-

চূড়ান্ত করদায় বহির্ভ—ত আয় হবে- টাঃ ৩,৩০,০০০/-

প্রদেয় করের পরিমাণ হবে-

করমুক্ত আয়ের সীমা বাদ দিয়ে (৩,৩০,০০০/ - ১,৮০,০০০) ১,৫০,০০০/ এর উপর ১০% হারে কর হবে ১৫,০০০/- টাকা
পরবর্তী কর ১৫,০০০/- হবে যখন আয় ১,৫০,০০০/- টাকা
পরবর্তী কর (৪০,০০০-১৫,০০০) ২৫,০০০/- হবে যখন আয় ১,৬৬,৬৬৭/ টাকা
চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয় ৩,১৬,৬৬৭/- টাকা

Md Sajid Hossain Shimanto | smartaccountantbd.com

করদাতার মোট আয় হবে টাঃ ৩,৩০,০০০/- + ৩,১৬,৬৬৭/-= ৬,৪৬,৬৬৭/- এবং নীট প্রদেয় করের পরিমাণ হবে (১৫,০০০-৮,০০০) ৭,০০০/- টাকা।

করদাতার জমি বিক্রয় থেকে আয় রয়েছে বিধায় মোট আয়ের সাথে চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত হবে টাঃ ৩,১৬,৬৬৭/- এবং এটি মোট আয়ের সাথে বিবেচিত হবে। জমি বিক্রয় থেকে প্রাপ্ত আয়ের পরিমাণ সুনির্দিষ্ট বিধায় এক্ষেত্রে দলিল মূল্যের অতিরিক্ত অংক (২০,০০,০০০-৩১৬,৬৬৭) ১৬,৮৩,৩৩৩/- টাকার জন্য কোন অতিরিক্ত কর প্রদেয় হবে না এবং এই অংক সম্পদ পরিবৃদ্ধির উৎস হিসেবে বিবেচ্য হবে।

(ঙ) **লোকসানের সাথে সমন্বয়যোগ্য নয়ঃ** [sub-section (5)] চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য আয়ের সাথে সংশ্লিষ্ট করবর্ষে অন্যান্য খাতের নিরূপিত লোকসানের সাথেও (যদি থাকে) সমন্বয় হবে না মর্মে বলা হয়েছে। এছাড়া, এ বছরের আয়ের সাথে পূর্ববর্তী অন্য কোন বছরের একই উৎসের লোকসান (যদি থাকে) এর সাথেও সমন্বয় হবে না।

(চ) **অতিরিক্ত আয়ের উপর করঃ** [sub-section (6)] উৎসে কর্তিত বা সংগৃহীত করের বিপরীতে নিরূপিত আয়ের চেয়ে বেশী আয় আয়কর রিটার্নে প্রদর্শিত হলে বা নিরূপিত হলে অতিরিক্ত আয়ের উপর প্রযোজ্য হারে কর প্রদেয় হবে। ২০১১-১২ করবর্ষে একজন করদাতার নিম্নোক্ত আয় ও কর কর্তন রয়েছেঃ

- বাড়ী ভাড়ার আয় ২,৫০,০০০/-
- ব্যবসায়ের অন্যান্য উৎসের আয় ২,০৫,০০০/-
- শেয়ার ব্রোকারের কমিশন বাবদ কর্তিত কর ৫০,০০০/-
- শেয়ার ব্রোকারের কমিশন থেকে প্রদর্শিত আয়ের পরিমাণ ১০,০০,০০০/-

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 48 / 121

এই করদাতার মোট আয় কিভাবে নিরূপিত হবে তা নিচে দেখানো হলোঃ

শেয়ার ব্রোকারের কমিশন বাবদ কর্তিত কর চূড়ান্ত করদায় হিসেবে বিবেচ্য। ফলে আয় নিরূপনের ক্ষেত্রে প্রথমে চূড়ান্ত করদায় বহির্ভূত অংশের আয় নিরূপন করতে হবে। এক্ষেত্রে করদাতার চূড়ান্ত করদায় বহির্ভূত আয় হচ্ছে টাঃ ৪,৫৫,০০০/-

প্রদেয় করের পরিমাণ হবে-

(৪,৫৫,০০০- ১৮০,০০০) ২৭৫,০০০ এর ১০% হারে ২৭,৫০০ টাকা।

চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয় হবে-

পরবর্তী আয়ের স্তরের জন্য ১০% হারে ২,৫০০ টাকা কর হবে যখন আয় (৩,০০,০০০- ২৭৫,০০০) ২৫,০০০ টাকা

পরবর্তী (৫০,০০০-২,৫০০) ৪৭,৫০০ টাকা কর হবে ১৫% হারে যখন আয় ৩১৬,৬৬৭/-

চূড়ান্ত করদায় সংশি-ষ্ট খাতের আয় টাঃ ৩৪১,৬৬৭/-

কিন্তু শেয়ার কমিশন থেকে আয় প্রদর্শিত ১০,০০,০০০/- টাকা। এক্ষেত্রে অতিরিক্ত আয় প্রদর্শিত হয়েছে (১০,০০,০০০-৩৪১,৬৬৭) টাঃ ৬,৫৮,৩৩৩/-। ফলে অতিরিক্ত আয়ের (টাঃ ৬,৫৮,৩৩৩/-) উপর সাধারণ হারে আয়কর প্রযোজ্য হবে।

(ছ) **30 ধারার দায়িত্ব পরিপালনঃ** [sub-section (7)] উৎসে কর্তিত বা সংগৃহীত করের বিপরীতে আয় চূড়ান্ত করদায় বিবেচিত হলেও অধ্যাদেশের ৩০ ধারায় অগ্রাহ্যকৃত খরচ করদাতার আয় হিসেবে বিবেচ্য এবং এটির উপর প্রযোজ্য হারে কর আরোপিত হয়। চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয়ের ক্ষেত্রেও করদাতাকে ৩০ ধারায় বর্ণিত দায়িত্ব পরিপালন না করলে সংশি-ষ্ট খরচ বা ব্যয় করদাতার চূড়ান্ত করদায় সংশি-ষ্ট আয়ের সাথে যোগ হবে এবং কর আরোপিত হবে।

Md Sajid Hossain Khondoker · smartaccountantbd.com

(জ) **অতিরিক্ত আয়ের উপর করের হারঃ** [sub-section (8)] চূড়ান্ত করদায় সংশি-ষ্ট খাতের আয়ের অতিরিক্ত আয় এবং ৩০ ধারায় অগ্রহণযোগ্য ব্যয়/খরচ করদাতার মোট আয়ের সাথে যোগ হয়ে সাধারণ হারে করারোপের বিষয়টি বলা হয়েছে। এ অতিরিক্ত আয় ও ৩০ ধারায় মোট আয়ের সাথে যুক্ত হওয়া আয় চূড়ান্ত করদায় হিসেবে নিরূপিত আয়ের অতিরিক্ত আয় হিসেবে বিবেচনা করতে হবে এবং চুড়ান্ত করদায়ের ক্ষেত্রে আয়ের সীমা অতিক্রমের পরবর্তী আয়ের সীমার ক্ষেত্রে প্রযোজ্য হারে কর আরোপিত হবে।

(১) ২০১১-১২ করবর্ষে একজন করদাতার নিম্নোক্ত আয় ও কর কর্তন রয়েছেঃ

- বাড়ী ভাড়ার আয় ২,৫০,০০০/-
- ব্যবসায়ের অন্যান্য উৎসের আয় ২,০৫,০০০/-
- শেয়ার ব্রোকারের কমিশন বাবদ কর্তিত কর ৫০,০০০/-
- শেয়ার ব্রোকারের কমিশন থেকে প্রদর্শিত আয়ের পরিমাণ ১০,০০,০০০/-
- ৩০ ধারায় মোট আয়ের সাথে যোগ হয়েছে ৫০,০০০/-

এই করদাতার মোট আয় কিভাবে নিরূপিত হবে এবং প্রদেয় কর কেমন হবে তা নিচে দেখানো হলোঃ

মোট আয় হবে নিম্নরূপ:

- বাড়ী ভাড়ার আয় ২,৫০,০০০/-
- **ব্যবসা খাতের আয়:**

অন্যান্য উৎসের আয়	২,০৫,০০০/-	
৮২সি ধারায় আয়	৩৪১,৬৬৭/-	
অতিরিক্ত আয়	৬,৫৮,৩৩৩/-	
৩০ ধারায় নিরূপিত	৫০,০০০/-	১২,৫৫,০০০/-
	মোট আয়	টাঃ ১৫,০৫,০০০/-

প্রদেয় করের পরিমাণ হবে:-

বাড়ী ভাড়া ও ব্যবসায়ের (চূড়ান্ত করদায় বহির্ভ–ত আয় (২৫০,০০০+ ২০৫,০০০) ৪,৫০,০০০/- টাকা
এর উপর প্রদেয় করের পরিমাণ ২৭,৫০০/- টাকা

Md Sajid Hossain Chowdhury smartaccountantbd.com

৮২সি ধারার আয় ৩,৪১,৬৬৭/- টাকা
এর উপর কর্তিত করের পরিমাণ ৫০,০০০/- টাকা;

অতিরিক্ত ও ৩০ ধারার আয় (৬,৫৮,৩৩৩ +৫০,০০০) ৭,০৮,৩৩৩/- টাকা

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

এর উপর প্রদেয় করের পরিমাণ হবে -

বাড়ী ভাড়া ২,৫০,০০০ + চূড়ান্ত করদায় বহির্ভূত ব্যবসায় আয় ২,০৫,০০০ + চুড়ান্ত করদায় আয় ৩,৪১,৬৬৭ সর্বমোট ৭,৯৬,৬৬৭ এর পরবর্তী আয়ের স্তরের (৮,৮০,০০০-৭,৯৬,৬৬৭) ৮৩,৩৩৩ এর

উপর ১৫% হারে	১২,৫০০/-
পরবর্তী আয়ের স্তরের ৩,০০,০০০ টাকার উপর ২০% হারে কর	৬০,০০০/-
পরবর্তী আয়ের স্তরের (৭,০৮,৩৩৩-৩,০০,০০০-৮৩,৩৩৩) ৩২৫,০০০ টাকার উপর ২৫% হারে কর	৮১,২৫০/-
অতিরিক্ত আয় ও ৩০ ধারার আয়ের ক্ষেত্রে প্রদেয় করের পরিমাণ হবে	টাঃ ১,৫৩,৭৫০/-

করদাতার ২০১১-১২ করবর্ষে প্রদেয় করের পরিমাণ হবে ২৭,৫০০+ ১,৫৩,৭৫০= ১,৮১,২৫০/- টাকা। চূড়ান্ত করদায় হিসেবে বিবেচিত কর্তিত করের বাইরে এ কর প্রদেয় হবে।

(২) রিয়েল এষ্টেট ব্যবসায় নিয়োজিত একটি কোম্পানীর ২০১১-১২ করবর্ষে নিম্নরূপ আয় প্রদর্শন করা হয়েছে, যথা:-

• ফ্লাট রেজিষ্ট্রেশন থেকে ৮২সি ধারায় প্রদর্শিত আয়	২৫,০০,০০০/-
• উৎসে কর্তিত কর ৯,৩৭,৫০০	
• অন্যান্য উৎসের আয়	৫,০০,০০০/-
• রিয়েল এষ্টেট ব্যবসায়ের নিরূপিত আয়	৫০,০০,০০০/-
• ৩০ ধারার আয়	২০,০০,০০০/-
মোট আয় নিরূপিত	৭৫,০০,০০০/-

প্রদেয় করের পরিমাণ হবে-

(৭৫,০০,০০০- ২৫,০০,০০০) ৫০,০০,০০০ এর উপর ৩৭.৫% হারে	টাঃ ১৮,৭৫,০০০/-

(ঝ) **সারচার্জঃ** [sub-section (9)] চূড়ান্ত করদায় সংক্রান্ত করের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে সারচার্জ আরোপিত হবে। অর্থ আইন, ২০১১ এর মাধ্যমে ব্যক্তি করদাতাদের ২ কোটি টাকার অধিক সম্পদের অধিকারীদের ক্ষেত্রে সারচার্জ আরোপের বিষয়টি উলে-খ করা হয়েছে। ফলে ব্যক্তি

Md Sajid Hossain Siam | smartaccountantbd.com

করদাতাদের ক্ষেত্রে এ ধারায় আয় থাকলেও অন্য কোন কর প্রদেয় না হলেও প্রযোজ্য ক্ষেত্রে আয়ের উপর প্রদেয় করের ১০% হারে সারচার্জ আরোপিত হবে। এছাড়া, অন্যান্য সারচার্জ যদি ভবিষ্যতে আরোপিত হয় তাহলে এ ধারায় আয়ের ক্ষেত্রে আরোপিত হবে। সারচার্জের পরিমাণ কেমন হবে তার একটি উদাহরণ নিচে দেয়া হলোঃ

একজন করদাতার ২০১১-১২ করবর্ষে নিম্নরূপ তথ্য প্রদর্শন করেছে:

- বাড়ী ভাড়ার আয় ৮০,০০০/-
- আমদানীর বিপরীতে কর্তিত কর ৫০,০০০/-
- সম• দ বিবরণীতে প্রদর্শিত নীট সম• দের পরিমাণ ২,১০,০০,০০০/-

উপরোক্ত (ঘ)(২) অনুযায়ী করদাতার মোট আয় নিরূপিত হবে ৬,১৩,৩৩৩/- এবং আমদানীর বিপরীতে পরিশোধিত করের পরিমাণ ৫০,০০০/- টাকা। যেহেতু করদাতার নীট সম• দ প্রদর্শিত হয়েছে ২,১০,০০,০০০/-, ফলে করদাতাকে সারচার্জ বাবদ ৫০,০০০/- টাকার ১০% হারে ৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

১৭। <u>অনুসন্ধান ও জব্দ করার কাজে সরকারের বাইরের বিভিন্ন পেশাজীবীদের সহায়ত নেয়া এবং কম্পি• উটারে সংরক্ষিত তথ্য-প্রমাণাদি জব্দ করার ক্ষমতা [section 117 সংশোধন]:</u>

(ক) আয়কর অধ্যাদেশের section 117 এর sub-section (2) এ নতুন clause সংশোধনের মাধ্যমে কম্পি• উটার বা ইলেকট্রনিক সিষ্টেমে সংরক্ষিত তথ্য, চিত্র বা কোন ইনপুটের কপি নেয়া, প্রয়োজনে পাসওয়ার্ড ভেঙ্গে এ তথ্য-প্রমাণাদি নেয়ার ক্ষমতা দেয়া হয়েছে। এছাড়া প্রয়োজনে করদাতার এ সংক্রান্ত তথ্য-প্রমানাদি, হিসাব বিবরণী, চিত্র বা ইনপুট করদাতার প্রাঙ্গনে বসেই বিশে-ষণ করা যাবে।

Md Sajid Hossain Sarkar · smartaccountantbd.com

(খ) sub-section (3) এ সংশোধনের মাধ্যমে সরকারের যে কোন কর্মকর্তার পাশাপাশি সরকারের বাইরের বিশেষজ্ঞদের সহয়োগিতা নেয়ার বিদান যুক্ত করা হয়েছে। এর ফলে এ ধারার কার্য সম• াদনের যে কোন পর্যায়ে সরকারের বাইরের যেমন বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয় বা প্রাইভেট সেক্টরের বিভিন্ন অভিজ্ঞ পেশাজীবীদের সহযোগিতা চেয়ে আয়কর কর্তৃপক্ষ রিকুইজিশন দিতে পারবে। রিকুইজিশন প্রাপ্তির পর ঐ পেশাজীবীর দায়িত্ব হবে আয়কর কর্তৃপক্ষকে এই ধারার আওতায় সকল প্রকার সহযোগিতা করা।

১৮। <u>বিকল্প বিরোধ নিস্• ত্তি সংক্রান্ত (নতুন Chapter XVIIIB সংযোজন)</u>ঃ

- আয়কর মামলা নিস্• ত্তির ক্ষেত্রে Alternative Dispute Resolution (ADR) এর ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। উপ কর কমিশনার কর্তৃক নিরূপিত করাদেশের বির" দ্ধে বা পরিদর্শী কর্মকর্তার ১২০ ধারার আদেশের বির" দ্ধেও এ পদ্ধতিতে নিস্• ত্তি করা যাবে। করদাতা কর্তৃক প্রদর্শিত আয়ের বেশী আয় আয়কর কর্তৃপক্ষ কর্তৃক নিরূপিত হলে এর বির" দ্ধে করদাতা নতুন প্রবর্তিত এ ব্যবস্থায় নিস্• ত্তির জন্য যেতে পারবে। এছাড়া, আয়কর বিভাগের আপীল কর্তৃপক্ষ, কর আপীলাত ট্রাইবুনাল, হাইকোর্ট বিভাগ ও সুপ্রীম কোর্টের আপীল বিভাগে নিস্• ত্তির অপেক্ষায় রয়েছে এমন মামলাও এডিআরে নিস্• ত্তির জন্য যেতে পারবে। এডিআর কখন থেকে চালু হবে, ফ্যাসিলিটেটরের নিয়োগ পদ্ধতি এবং ফ্যাসিলিটেটরের যোগ্যতা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে পরবর্তীতে নির্ধারণ করা হবে। এ বিধানের বিশেষ বৈশিষ্টসম—হ নিচে দেয়া হলোঃ
- নতুন ও পুরাতন বিরোধ নিস্• ত্তির ব্যবস্থা;
- এটি হবে বিকল্প ব্যবস্থা এবং পাইলট ভিত্তিতে কিছু নির্দিষ্ট ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে;

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com

- কর বিভাগ এবং করদাতার মধ্যে ADR facilitator হিসেবে কাজ করবে;
- বিরোধ নি"ত্তির ক্ষেত্রে সমঝোতা হলে facilitator, করদাতা এবং কর কমিশনারের প্রতিনিধি এ চুক্তিতে স্বাক্ষর করবেন;
- ADR এর সমঝোতার জন্য সর্বো" চ ৯০ দিন প্রাপ্য হবে;
- আংশিকভাবে নি"ত্তি হলে বা কোনরূপ নি"ত্তি না হলে করদাতা পুনরায় আপীল করতে পারবেন;
- অনি"ন্ন বিরোধের ক্ষেত্রে ADR এর জন্য যে সময় ব্যয় হবে তা আপীল দায়েরের সময়সীমার বহির্ভুত হিসেবে গণ্য হবে;
- আপীলাত কর্তৃপক্ষ, কর আপীলাত ট্রাইব্যুনাল, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের আপীল বিভাগে পেন্ডিং রয়েছে এমন মামলাও ADR এ নি"ত্তির জন্য আবেদন করতে পারবে এবং
- জাতীয় রাজস্ব বোর্ড এ ADR এর কর্মপদ্ধতি পরিবীক্ষণ করবে।

১৯। **কর আপীলাত ট্রাইবুনালে আপীল দায়েরের ক্ষেত্রে ১০% হারে কর পরিশোধ এবং প্রয়োজেন কর কমিশনারের নিকট থেকে waiver গ্রহণের ব্যবস্থা [section 124 সংশোধন]:**

কর আপীলাত ট্রাইবুনালে আপীল দায়েরের ক্ষেত্রে আপীল দায়েরের প—র্বশর্ত হিসেবে কর পরিশোধের হার সংশোধন করা হয়েছে। বর্তমানে ৫% হারের পরিবর্তে ১০% হারে কর পরিশোধ করতে হবে। করদাতা কর্তৃক দাখিলকৃত রিটার্নে প্রদর্শিত আয়ের উপর ৭৪ ধারায় পরিশোধযোগ্য কর এবং আপীল কর্তৃপক্ষ কর্তৃক আদেশের প্রেক্ষিতে নিরূপিত আয়ের পার্থক্যের উপর ১০% হারে কর পরিশোধ করলে ট্রাইবুনালে আপীল দায়ের করা যাবে।

Md Sajid Hossain Shihab · smartaccountantbd.com

করদাতা রিটার্ন দাখিলের পর পরবর্তীতে সংশি-ষ্ট করবর্ষের জন্য কোন আয়কর প্রদান করলেও সেটি প্রদেয় ১০% করের সাথে সমন্বয়যোগ্য হবে। তবে এ কর পরিশোধে ব্যর্থ হলে করদাতা প্রয়োজনে সংশি-ষ্ট কর কমিশনারের নিকট **waiver** এর জন্য আবেদন করতে পারবেন এবং কর কমিশনার এ সংক্রান্ত আবেদন বিবেচনা করতে পারবেন। এ বিধান ২০১১-১২ কর বছর থেকে প্রযোজ্য হবে।

২০। **হাইকোর্টে রেফারেন্স দায়েরের ক্ষেত্রে কর পরিশোধের শর্ত সংশোধন [section 160] :**

মহামান্য হাইকোর্টে রেফারেন্স মামলা দায়েরের ক্ষেত্রে কর পরিশোধ সংক্রান্ত শর্ত সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী নিম্নোক্ত হারে কর পরিশোধের শর্ত আরোপ করা হয়েছে-

(ক) ট্রাইবুনালের আদেশের প্রেক্ষিতে নিরূপিত আয়ের উপর প্রদেয় কর এবং করদাতার রিটার্নে প্রদর্শিত আয়ের উপর প্রযোজ্য করের পার্থক্য ১০ লক্ষ টাকা পর্যন্ত হলে পার্থক্যের উপর ২৫% হারে কর প্রদান করতে হবে। যেমন- ট্রাইবুনালের আদেশে কোন কোম্পানীর আয় নিরূপিত হয়েছে ৫০ লক্ষ টাকা এবং প্রযোজ্য করের পরিমাণ ৩৭.৫% হারে ১৮.৭৫ লক্ষ টাকা। করদাতা রিটার্নে ২৫ লক্ষ আয় প্রদর্শন করে কর প্রদান করেন ৯,৩৭,৫০০/- টাকা। ফলে পার্থক্য দাড়ায় (১৮,৭৫,০০০-৯,৩৭,৫০০) ৯,৩৭,৫০০/- টাকা। এ ক্ষেত্রে হাইকোর্টে রেফারেন্স মামলা দায়ের করতে হলে করদাতাকে ৯,৩৭,৫০০ এর ২৫% হারে টাঃ ২,৩৪,৩৭৫/- কর পরিশোধ করতে হবে।

(খ) ট্রাইবুনাল আদেশের প্রেক্ষিতে নিরূপিত আয়ের উপর প্রদেয় কর এবং করদাতার রিটার্নে প্রদর্শিত আয়ের উপর প্রযোজ্য করের পার্থক্য ১০ লক্ষ টাকার অধিক হলে পার্থক্যের উপর ৫০% হারে কর প্রদান করতে হবে। যেমন-

Md Saiful Hasan Chowdhury, smartaccountantbd.com

ট্রাইবুনালের আদেশে কোন কোম্• ানীর আয় নিরূপিত হয়েছে ৫০ লক্ষ টাকা এবং প্রযোজ্য করের পরিমাণ ৩৭.৫% হারে ১৮.৭৫ লক্ষ টাকা। করদাতা রিটার্নে ১৫ লক্ষ আয় প্রদর্শন করে কর প্রদান করেন ৫,৬২,৫০০/- টাকা। ফলে পার্থক্য দাড়ায় (১৮,৭৫,০০০-৫,৬২,৫০০) ১৩,১২,৫০০/- টাকা। এ ক্ষেত্রে হাইকোর্টে রেফারেন্স মামলা দায়ের করতে হলে করদাতাকে ১৩,১২,৫০০/- এর ৫০% হারে টাঃ ৬,৫৬,২৫০/- কর পরিশোধ করতে হবে।

এ বিধান ২০১১-১২ কর বছর থেকে প্রযোজ্য হবে।

২১। **আয়কর কর্তৃপক্ষ কর্তৃক চাহিত তথ্য প্রদানে ব্যর্থতার জন্য prosecution এর বিধান প্রবর্তন [section 164]] :**

আয়কর কর্তৃপক্ষ অধ্যাদেশের 113 ধারায় বিভিন্ন কর্তৃপক্ষের নিকট তথ্য চাইতে পারেন। এ তথ্য না দিলে যার কাছে তথ্য চাওয়া হয়েছে, তার বির" দ্ধে prosecution এর ব্যবস্থা গ্রহণ করা যাবে। 164 ধারায় বর্ণিত দন্ড বা আর্থিক দন্ড এক্ষেত্রে প্রযোজ্য হবে।

২২। **আয়কর কর্তৃপক্ষের দায়িত্ব পালনে বাধা দেয়ার ক্ষেত্রে বাধাদানকারীর prosecution এর বিধান প্রবর্তন [section 165B]] :**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর আওতায় আয়কর কর্তৃপক্ষ দায়িত্ব পালন করে থাকেন। এ দায়িত্ব পালন করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীর বির" দ্ধে এ ধারার আওতায় prosecution এর ব্যবস্থা গ্রহণ করা যাবে। প্রতিবন্ধকতা সৃষ্টিকারীর সর্বো" চ ১ বছর জেল বা আর্থিক দন্ড বা উভয় দন্ডের বিধান করা হয়েছে।

Md Sajid Hossain Bhuiyan · smartaccountantbd.com

২৩। **টিআইএন সনদের পাশাপাশি আয়কর রিটার্নে প্রাপ্তি স্বীকার পত্র বিবেচনার বিধান [section 184A]] :**

আয়কর অধ্যাদেশে কতিপয় ক্ষেত্রে করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) সনদ দাখিলের প্রয়োজনীয়তা রয়েছে। নতুন বিধানের ফলে নির্ধারিত এসকল ক্ষেত্রে টিআইএন সনদের পাশাপাশি সর্বশেষ করবর্ষের আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্রও দাখিল করা যাবে। এ প্রাপ্তি স্বীকার পত্র দাখিলের মাধ্যমে আইনগত বাধ্যবাধকতা প—রণ করা যাবে। তবে এ ক্ষেত্রে সর্বশেষ করবর্ষের রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দাখিল করতে হবে। পুরানো করবর্ষের প্রাপ্তি স্বীকারপত্র দাখিল করলে এ দায়িত্ব পালন করা যাবে না। যেমন-

- জুলাই, ২০১১ মাসে কোন করদাতা এ ধারায় নির্দিষ্ট কাজ করতে চাইলে টিআইএন সনদও দিতে পারবেন অথবা তাঁকে সর্বশেষ করবর্ষ অর্থাৎ ২০১০-২০১১ করবর্ষের রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্র দাখিল করতে হবে।

২৪। **টিআইএন গ্রহণ ও প—ণ: নিবন্ধন বিষয়ক বিধান সংশোধন [section 184B]]:**

টিআইএন গ্রহণ সংক্রান্ত বিধান নিম্নরূপভাবে সংশোধন করা হয়েছেঃ

- প্রত্যেক করদাতার একটি টিআইএন থাকবে। এছাড়া কেউ নির্দিষ্ট ফরমে আবেদন করলে এ টিআইএন দেয়া হবে;
- আয়কর কর্তৃপক্ষ প্রয়োজনে আবেদনপত্র ছাড়াও টিআইএন প্রদান করতে পারবেন। তবে শর্ত হ” ছ, করদাতার করযোগ্য আয় থাকতে হবে এবং টিআইএন সংক্রান্ত আবেদন করার প—র্বে ইস্যু করতে হবে। এ বিধানের ফলে জরীপ কার্যক্রমসহ এরূপ ক্ষেত্রে করদাতার আবেদন ছাড়াই টিআইএন ইস্যু করা যাবে। এ লক্ষ্যে বিধি সংশোধন করা হয়েছে;

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

- টিআইএন গ্রহণের জন্য এক হাজার টাকা আয়কর নেয়ার বিধান প্রত্যাহার করা হয়েছে। ফলে আয়কর ছাড়াই টিআইএন ইস্যু করা যাবে;
- আদেশের মাধ্যমে রাজস্ব বোর্ড পুরাতন করদাতাদেরকে প–ণঃ নিবন্ধনের জন্য বলতে পারবে। এ ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য ও প্রমাণাদি চাওয়া যাবে; এবং
- অনলাইনের মাধ্যমে টিআইএন আবেদন গ্রহণ ও প্রদান নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্দিষ্ট কোন কর্তৃপক্ষ এ টিআইএন ইস্যু করতে পারবে। তবে উপ কর কমিশনারের টিআইএন ইস্যু করার বিদ্যমান ক্ষমতা বহাল থাকবে। এ আলোকে বিধি 64B সংশোধন করা হয়েছে।

২৫। **অন্যান্য অধ্যাদেশের উপর আয়কর অধ্যাদেশের শ্রেষ্ঠত্ব প্রদান [section 184F]:**

আয়কর অধ্যাদেশে নতুন section 184F সংযোজনের মাধ্যমে কিছু ক্ষেত্রে অন্যান্য অধ্যাদেশের উপর আয়কর অধ্যাদেশের প্রাধান্য দেয়া হয়েছে। করদাতাদের আয়, কর নির্ধারণ বা কর হতে অব্যাহতি দেয়া সংক্রান্ত বিষয়ে দেশের অন্য কোন অধ্যাদেশে যা কিছুই থাকুক না কেন, এক্ষেত্রে আয়কর অধ্যাদেশের বিধান প্রাধান্য পাবে। উলি-খিত বিষয়ে আয়কর অধ্যাদেশের অধীন গৃহীত ব্যবস্থাও অন্যান্য অধ্যাদেশের উপর প্রাধান্য পাবে। এর ফলে কোন করদাতার আয় বা আয় থেকে কর প্রদান সংক্রান্ত কোন অব্যাহতি অন্য কোন অধ্যাদেশে দেয়া যাবে না।

২৬। **আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part-A ও Part-B এর সংশোধন:**

(১) আয়কর অধ্যাদেশের Sixth Schedule এর Part-A এর-

(ক) Paragraph 1 এর sub-paragraph (2) এর clause (b) সংশোধন করা হয়েছে। এর মাধ্যমে

Md Sajid Hossain Samanta, smartaccountantbd.com

ধর্মীয় বা দাতব্য প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত চাঁদা বা তহবিল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকে গা" ছত রাখার বিধান করা হয়েছে। ৫১% বা ততোধিক শেয়ারের মালিকানা সরকারের রয়েছে এমন ব্যাংকে এ তহবিল সংরক্ষণ করা যাবে। এ বিধান ২০১১-১২ করবর্ষ থেকে প্রযোজ্য হবে।

(খ) Paragraph 12, 13, 30, 31B বাতিল করা হয়েছে। এর মাধ্যমে-

- **সিকিউরিটি সুদঃ**

  ৫ হাজার টাকা পর্যন্ত সিকিউরিটি সুদ বাবদ প্রাপ্ত অর্থের উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে;

- **ডিবেঞ্চারের সুদঃ**

  ২০ হাজার টাকা ডিবেঞ্চারের সুদ বাবদ প্রাপ্ত অর্থের উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে;

- **মিউচুয়াল ফান্ড ইস্যুকারীঃ**

  এ ফান্ড ইস্যুকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের এ ফান্ড থেকে প্রাপ্ত আয়ের ক্ষেত্রে করমুক্ত সুবিধা প্রত্যাহার করা হয়েছে। ফলে তাদেরকে এ ফাণ্ড থেকে প্রাপ্ত আয়ের উপর প্রযোজ্য হারে কর প্রদান করতে হবে; এবং

- **সঞ্চয়পত্রের সুদঃ**

  প—র্বে যে সমস্ত ক্ষেত্রে উৎসে কর কর্তিত হতো না এমন সঞ্চয়পত্রের সুদ বাবদ প্রাপ্ত ২৫ হাজার টাকা পর্যন্ত করমুক্ত ছিল। এ সুবিধা প্রত্যাহার করা হয়েছে।

এ বিধানসম—হ ২০১১-১২ কর বছর থেকে প্রযোজ্য হবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

সফটওয়্যার সংক্রান্ত:

(গ) Paragraph 33 এ সফটওয়্যার উন্নয়ন ও Information Technology Enabled Services (ITES) থেকে করমুক্ত আয়ের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এর মাধ্যমে এ খাতের করমুক্ত আয়ের সুবিধা জুন, ২০১১ থেকে জুন, ২০১৩ পর্যন্ত বহাল থাকবে। এছাড়া, এ খাতের পরিধি সংশোধন করা হয়েছে। Medical tanscription, computer aided engineering and designing, remote IT maintenance খাতগুলি বিলোপ করা হয়েছে এবং ৫টি খাত অন্তর্ভুক্ত করা হয়েছে। এ খাতগুলি হল- Graphics design (digital service), search engine optimization, web listing, e-commerce and online shopping এবং document conversion, imaging and archiving. এ বিধানসমূহ ২০১১-১২ কর বছর থেকে প্রযোজ্য হবে।

হস্তশিল্প রপ্তানী আয়:

(ঘ) হস্তশিল্প রপ্তানী থেকে প্রাপ্ত আয়ের কর অব্যাহতি সুবিধা জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ফলে জুন, ২০১৩ পর্যন্ত এ শিল্পের রপ্তানী আয়ের উপর কোন কর প্রদেয় হবে না।

হাঁস-মুরগীর খামার:

(ঙ) Paragraph 42 সংযোজনের মাধ্যমে হাঁস-মুরগীর খামার থেকে প্রাপ্ত আয় কর অব্যাহতির সুবিধা জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ বিধানের ফলে ১ জুলাই, ২০১১ থেকে ৩০ জুন, ২০১৩ পর্যন্ত মেয়াদে

Md Sajid Hossain Chowdhury | smartaccountantbd.com

উদ্ভ—ত আয় কর অব্যাহতি প্রাপ্ত হবে। এ সুবিধা সকল করদাতার ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে শর্ত হিসেবে ১ লক্ষ ৫০ হাজার টাকার অতিরিক্ত আয় হলে আয়ের ১০% পরিমাণ অর্থ সরকারী বন্ডে বা সিকিউরিটিজে বিনিয়োগ করতে হবে। কোম্• ানী করদাতাগণ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে পারবেন। এজন্য সংশি-ষ্ট সার্কেলের উপর কমিশনারের নিকট থেকে প—র্ববর্তী বছরে এ আয় ছিল এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে এ সঞ্চয়পত্র্রয় করতে পারবেন। এ বিষয়ে ২০১০ সালে জারীকৃত পরিপত্র-২ এ বিস্হ্যারিত উলে-খ আছে।

এছাড়া, করদাতাকে আয়কর অধ্যাদেশের ৭৫(২)(সি) ধারা অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হবে এবং এ সংক্রান্হ্য আয় বা আয়ের অংশ আয়ের ৫ বছরের মধ্যে কাউকে দান করা বা ঋণ প্রদান করা যাবে না। তবে এ আয় করদাতা তাঁর নিজস্ব প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।

২৭। **কর অব্যাহতি সংক্রান্হ্য কতিপয় প্রজ্ঞাপনঃ**

(ক) **রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকার শিল্পঃ**

রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকায় প্রতিষ্ঠিত শিল্পের আয় বিদ্যমান বিধান অনুযায়ী ১০ বছর পর্যন্হ্য করমুক্ত। তবে এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে ১লা জানুয়ারী ২০১২ হতে রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকায় প্রতিষ্ঠিত শিল্প ৫ বছরের জন্য কর অবকাশ সুবিধা প্রাপ্ত হবে শর্ত সাপেক্ষে। শর্ত সম—হ নিম্নরূপঃ

- বাণিজ্যিক উৎপাদনের পরবর্তী ২ বছর ১০০% করমুক্ত;
- ৩য় ও ৪র্থ বছর ৫০% আয় করমুক্ত;
- ৫ম বছর ২৫% আয় করমুক্ত থাকবে;

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

- এ এলাকায় প্রতিষ্ঠিত শিল্পকে হিসাব বিবরণী যথাযথভাবে সংরক্ষণ করতে হবে; এবং
- আয়কর অধ্যাদেশের ৭৫ ধারা অনুযায়ী পদ্ধতি অনুসরণ করে নিদিষ্ট সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

তবে ৩১ ডিসেম্বর, ২০১১ পর্যন্ত যে সমস্ত শিল্প প্রতিষ্ঠান এ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকায় প্রতিষ্ঠিত হবে, তাদের আয় প—র্বের ন্যায় ১০ বছর করমুক্ত থাকবে। অর্থাৎ ডিসেম্বর, ২০১১ মাসে প্রতিষ্ঠিত শিল্পের আয় ডিসেম্বর, ২০২১ পর্যন্ত করমুক্ত থাকবে। (পরিশিষ্ট-১)

(খ) **পাট জাত দ্রব্যের আয়করের হারঃ**

বিদ্যমান বিধান অনুযায়ী এ পাটজাত দ্রব্য উৎপাদনে নিয়োজিত কোন শিল্পের আয়ের ক্ষেত্রে ১৫% হারে কর আরোপিত হয়। এ বিধানের মেয়াদ ২০১১ এর পরিবর্তে ৩০ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ লক্ষ্যে এস,আর,ও নং ২২০-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ জারী করা হয়েছে। এর মাধ্যমে প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৬-আইন/আয়কর/২০০৮ তারিখ: ৩০ জুন ২০০৮ সংশোধন করা হয়েছে। (পরিশিষ্ট-২)।

(গ) **স—তা উৎপাদনসহ কতিপয় খাতের আয়করের হারঃ**

বিদ্যমান বিধান অনুযায়ী স—তা উৎপাদন, স—তা ডাইয়িংসহ কতিপয় খাতের আয়ের ক্ষেত্রে ১৫% হারে কর আরোপিত হয়। এ বিধানের মেয়াদ ২০১১ এর পরিবর্তে ৩০ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ লক্ষ্যে এস,আর,ও নং ২২১-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ জারী করা হয়েছে এবং প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০০৮ তারিখ: ৩০ জুন ২০০৮ সংশোধন করা হয়েছে। **(পরিশিষ্ট-৩)**।

Md Sajid Hossain Shamim · smartaccountantbd.com

(ঘ) **মৎস্য খামার, গবাদি পশুর খামারসহ কিছু আয়ের উপর ৫% হারে করারোপঃ**

আয়কর অধ্যাদেশের ৬ষ্ঠ তফসিলের পার্ট-এ এর প্যারা ৩৪ অনুযায়ী মৎস্য খামার, হাঁস-মুরগীর খামারসহ বেশ কয়েকটি খাতের আয় ৩০ জুন, ২০১১ পর্যন্ত করমুক্ত ছিল। তবে মৎস্য খামারের আয়ের উপর কোম্পানী করদাতাদেরকে ৫% হারে কর প্রদান করার বিধান ছিল। এ বিধানের মেয়াদ আর বৃদ্ধি করা হয়নি। ফলে এখাতের আয় করযোগ্য হয়েছে। তবে এ আয়ের উপর ব্যক্তি-কোম্পানী নির্বিশেষে হ্রাসকৃত ৫% হারে করারোপের লক্ষ্যে বিধান করা হয়েছে। এস,আর,ও নং ২৩৮-আইন-আয়কর/২০১১, তারিখ: ৬ জুলাই, ২০১১ এর মাধ্যমে ১ লা জুলাই, ২০১১ থেকে অর্জিত নিম্নোক্ত খাতের আয়ের উপর ৫% হারে করারোপিত হবে। খাতগুলি নিম্নরূপঃ

- মৎস্য খামার;
- pelleted poultry feed উৎপাদন;
- বীজ উৎপাদন;
- স্থানীয়ভাবে উৎপাদিত বীজ বিপণন;
- গবাদি পশুর খামার;
- দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার;
- ব্যাঙ উৎপাদন খামার;
- উদ্যান খামার প্রকল্প (horticulture);
- তূঁত গাছের চাষ;
- মৌমাছির চাষ প্রকল্প;
- রেশম গুটিপোকা পালনের খামার;
- ছত্রাক (mushroom) উৎপাদন খামার; এবং
- ফুল ও লতাপাতার চাষ (floriculture) ।

Md Sajid Hossain Bhuiyan · smartaccountantbd.com

১ জুলাই, ২০১১ থেকে উপরোক্ত খাতে অর্জিত আয়ের উপর ব্যক্তি-কোম• ানী নির্বিশেষে সকলের উপর প্রজ্ঞাপন অনুযায়ী ৫% হারে কর আরোপিত হবে। তবে-

- **মৎস্য খামার** থেকে প্রাপ্ত কোম• ানী আয় ২০১১-১২ করবর্ষ থেকে ৫% হারে কর আরোপিত হবে (এস,আর,ও নং ২৬৩-আইন/আয়কর/২০১০ এবং ১জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ)।
- **pelleted poultry feed** প্রাপ্ত আয়ের ক্ষেত্রে ব্যক্তি-কোম• ানী সকলকে ২০১১-১২ করবর্ষ থেকে ৫% হারে কর প্রদান করতে হবে (এস,আর,ও নং ২৬৪-আইন/আয়কর/২০১০, তারিখ: ১ জুলাই, ২০১০)। (পরিশিষ্ট-১৬)

(ঙ) **মোটর কার বা জীপঃ**

মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকগণকে এ গাড়ীর রেজিষ্ট্রেশনকালে বা ফিটনেস নবায়নকালে নির্ধারিত হারে কর প্রদান করতে হয়। এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১ তারিখ: ৪ জুলাই, ২০১১ এ কর প্রদান সংক্রান্ত হার সংশোধন করে নিম্নর" প করা হয়েছে যা ১ জুলাই, ২০১১ থেকে কার্যকরঃ

গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	১০,০০০/-
২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	১৫,০০০/-
২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	৩০,০০০/-
২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	৩৫,০০০/-
২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	৫০,০০০/-

০১/০৭/২০১১ বা তৎপরবর্তীতে দাখিলকৃত রেজিষ্ট্রেশন বা ফিটনেস নবায়ন আবেদনের ক্ষেত্রে পরিবর্তীত এ বিধান প্রযোজ্য হবে। **(পরিশিষ্ট-৪)**

Md Sajid Hossain Shamim . smartaccountantbd.com

(চ) **বাস, ট্রাকের বিনিয়োগজনিত করহার বৃদ্ধিঃ**

বিদ্যমান বিধান অনুযায়ী প্রদেয় করের ২০০% হারে কর প্রদান করলে বাস, ট্রাকসহ কতিপয় পরিবহনের বিনিয়োগকৃত অর্থের উপর কোন ব্যাখ্যা প্রদানের প্রয়োজন হয় না। এ সংক্রান্ত বিধান সংশোধন করে এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ জারি করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী বাস, মিনিবাস, কোষ্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাকসহ কতিপয় পরিবহনের রেজিষ্ট্রেশনের সময় বা ফিটনেস নবায়নের সময় নির্দিষ্ট হারে অনুমিত আয়কর প্রদান করতে হয়। এ অনুমিত আয়করের ১০০০% বা দশ গুন হারে কর পরিশোধ করা হলে এ পরিবহনে বিনিয়োগকৃত অর্থের উপর পরিবহনের মালিককে কোন ব্যাখ্যা দেয়ার প্রয়োজন হবে না। এ বিধান ২০১১-১২ অর্থ বছর থেকে প্রযোজ্য হবে। **(পরিশিষ্ট-৫)**

(ছ) **নৌ-যানের করের হারঃ**

বিদ্যমান বিধান অনুযায়ী অভ্যন্তরীণ নৌ-পথে যাত্রী পরিবহনে নিয়োজিত পরিবহনের যাত্রীভাড়া বা পণ্যের ভাড়ার উপর ভিত্তি করে কর প্রদান করতে হয়। এ হার সংশোধন করা হয়েছে। এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১১, তারিখঃ ৪ জুলাই, ২০১১ অনুযায়ী সংশোধিত হার নিম্নরূপঃ

- দিবাকালীন যাত্রী পরিবহনের যাত্রী প্রতি ৫০/- টাকার পরিবর্তে ৭৫/- টাকা;
- কার্গো-কোষ্টারের গ্রস টনেজ প্রতি ৭৫/- টাকার পরিবর্তে ১০০/- টাকা; এবং
- ডাম• বার্জের গ্রস টনেজ প্রতি ৬০/- টাকার পরিবর্তে ৭৫/- টাকা নির্ধারণ করা হয়েছে।

Md Sajid Hossain Siddiqui, smartaccountantbd.com

এ বিধান জুলাই, ২০১১ থেকে এ সকল পরিবহনের রেজিস্ট্রেশন বা সার্ভে সার্টিফিকেট নবায়নের সময় কার্যকর হবে । **(পরিশিষ্ট-৬)**

(জ) **মাননীয় মন্ত্রীদের বেতনের উপর কর আরোপঃ**

প—র্বের বিধান অনুযায়ী নিম্নোক্ত মাননীয় ব্যক্তিগণের বেতন-ভাতাদি করমুক্ত ছিল।

- মাননীয় প্রধানমন্ত্রী;
- স্পীকার;
- মন্ত্রী;
- ডেপুটি স্পীকার;
- প্রতিমন্ত্রী;
- উপমন্ত্রী; এবং
- মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টা।

কিন্তু এ বিধান সংশোধন করে এক অর্থ বছরে প্রাপ্ত তাঁদের মুল বেতনকে করযোগ্য করা হয়েছে। এস,আর,ও নং ২২৬-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে ম—ল বেতনকে করযোগ্য করা হয়েছে এবং অন্যান্য সকল ভাতাদিকে করমুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে প—র্বের বিধান বাতিল করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তৃত ব্যাখ্যা অনু" ছদ ৭ এ উলে-খ করা আছে। **(পরিশিষ্ট-৮)**।

(ঝ)) **মহামান্য সুপ্রিম কোর্টের বিচারকগণের আয়ের উপর করারোপঃ**

মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোট বিভাগ ও আপীল বিভাগের বিচারকগণের বেতন-ভাতাদির আয় করমুক্ত ছিল। এ বিধান সংশোধন করে **এস,আর,ও নং ২২৭-আইন-আয়কর/২০১১, তারিখ:** ৪ জুলাই, ২০১১ জারী করা হয়েছে

Md Sajid Hossain Chowdhury . smartaccountantbd.com

এবং এক অর্থ বছরে প্রাপ্ত তাঁদের ম—ল বেতনকে করযোগ্য করা হয়েছে। অন্যান্য ভাতাদি যথারীতি করমুক্ত থাকবে। এছাড়া এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে প—র্বের করমুক্ত সুবিধা সংক্রান্ত প্রজ্ঞাপন বাতিল করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তৃত ব্যাখ্যা অনু" ছদ ৭ এ উলে-খ করা আছে। **(পরিশিষ্ট-৯)**

(ঞ) **সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতনের উপর করারোপঃ**

সরকারী কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির উপর করারোপের ক্ষেত্রে ম—ল বেতন বিবেচিত হবে। সংশোধিত প্রজ্ঞাপনের ফলে এক অর্থ বছরে প্রাপ্য ম—ল বেতন বা সম্মানীর উপর সাধারণ হারে কর প্রদেয় হবে। তবে বোনাস বা অন্যান্য ভাতাদি করমুক্ত থাকবে। এ সংক্রান্ত **এস,আর,ও** নং ২২৮-আইন-আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ জারি করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তৃত ব্যাখ্যা অনু" ছদ ৭ এ উলে-খ করা আছে। **(পরিশিষ্ট-১০)**।

(ট) **Corporate Social Responsibility (CSR) ঃ**

কোম্• ানী করদাতাদের বিভিন্ন কর্পোরেট সামাজিক দায়িত্ব পাল উৎসাহিত করার জন্য বিনিয়োগ রেয়াতের বিধান সংশোধন করা হয়েছে। প্রজ্ঞাপন নং এস,আর, ও ২২৯-আইন/আয়কর/২০১১, তারিখ: ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে এস,আর,ও নং ২৭০-আইন/আয়কর/২০১০ তারিখ ১জুলাই, ২০১০ রহিত করা হয়েছে। এ সংক্রান্ত বিস্তৃত ব্যাখ্যা অনু" ছদ ৭ এ উলে-খ করা আছে। **(পরিশিষ্ট-১১)**।

(ঠ) **কতিপয় ব্যক্তি/প্রতিষ্ঠানের কর অব্যাহতি প্রত্যাহারঃ**

প্রজ্ঞাপন নং **এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১, তারিখ:** ৪ জুলাই, ২০১১ এর মাধ্যমে মোট ১৬ ব্যক্তি বা প্রতিষ্ঠানে প্রদত্ত কর অব্যাহতি সুবিধা প্রত্যাহার করা হয়েছে।

Md Sajid Hossain Shihab · smartaccountantbd.com

এর ফলে যে সমস্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের কর অব্যাহতি সুবিধা প্রত্যাহার করা হয়েছে, তাদেরকে আয়ের উপর কর প্রদান করতে হবে। নিম্নোক্ত প্রজ্ঞাপনগুলি বাতিলের মাধ্যমে ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয় এবং সংশি-ষ্ট খাতের আয় করযোগ্য করা হয়েছে ঃ

- এসআরও নং ৪৪০-এল/৭৬ তারিখ: ১৮/১২/১৯৭৬ অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রী, সুপ্রিম কোর্টের বিচারক, প-ানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান ও সদস্য, আইন কমিটির সদস্য বেতন বা সম্মানীর উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৯-এল/৭৭ তারিখ: ০৭/০১/১৯৭৭ অনুযায়ী এসবেষ্টস সিমেন্ট ইন্ডাষ্ট্রিজ (বাংলাদেশ) এর বিদেশী কর্মচারীদের আয় করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ২২২-এল/৭৮ তারিখ: ১২/০৮/১৯৭৮ অনুযায়ী হোটেল ইন্টার-কন্টিনেন্টাল কর্তৃক কর্মচারীদের বেতনের উপর কর প্রদান করা না হলে প্রদেয় আয়কর মুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৩০-এল/৭৯ তারিখ: ১৫/০৫/১৯৭৯ অনুযায়ী উপ মন্ত্রী মর্যাদার ইনফরমেশন কনসালট্যান্টে বেতন বা সম্মানীর উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৬০-এল/৮১ তারিখ: ২৫/০৫/১৯৮১ অনুযায়ী ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ডের সুদ আয়ের উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৫৯-এল/৮৩ তারিখ: ১২/০৫/১৯৮৩ অনুযায়ী Industrial Promotion and Development Company (IPDC) এর

Md Sajid Hossain, smartaccountantbd.com

প্রবাসী কর্মচারীদের বেতন-ভাতাদি ৫ বছরের জন্য করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৩৮৯-এল/৮৩ তারিখ: ২৩/১০/১৯৮৩ অনুযায়ী প্রধান সামরিক আইন প্রশাসকের বন্যা ত্রান তহবিলে কোন করদাতার দান কর অব্যাহতি প্রাপ্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৪০৫-এল/৮৫ তারিখ: ১০/০৯/১৯৮৫ অনুযায়ী লিজিং কোম• ানীতে কর্মরত বিদেশী নাগরিকদের আয় নিয়োগের তিন বছর পর্যন্ত আয় করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৬৮-আইন/৯৭, তারিখ: ০৬/০৭/১৯৯৭ অনুযায়ী মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রীর মর্যাদাপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান এবং সদস্যগণের বেতন বা সম্মানী আয়ের উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৮৭-আইন/৯৯, তারিখ: ০১/০৭/১৯৯৯ অনুযায়ী বিমান পরিবহনে নিয়োজিত প্রতিষ্ঠানের কর্মচারীগণও আয়কর অধ্যাদেশের ৬ষ্ঠ তফসিলের পার্ট- এ এর বিলুপ্ত অনু" ছদ ১৫ এর সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৩২২-আইন/২০০১, তারিখ: ০৯/১২/২০০১ অনুযায়ী ব্যাংকিং চ্যানেলে বিদেশ থেকে অর্থ আনয়নের মাধ্যমে খেলাপী ব্যাংক ঋণ পরিশোধ করা হলে এর উপর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৩৪৩-আইন/২০০৫, তারিখ: ২৯/১২/২০০৫ অনুযায়ী 'হিউম্যান ডেভেলপমেন্ট

Md Sajid Hossain, smartaccountantbd.com

ফাউন্ডেশন' নামীয় প্রতিষ্ঠানের আয় কর অব্যাহতির সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ২৬৮-আইন/২০০৬, তারিখ: ১৮/১০/২০০৬ অনুযায়ী "বিসিএস ৭৭ কর্মকর্তা কল্যাণ পর্ষদ" এর করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ৯৪-আইন/আয়কর/২০০৮, তারিখ: ১৫/০৪/২০০৮ অনুযায়ী "Korean Export Porcessing Zone (KEPZ)" এ প্রতিষ্ঠিত শিল্পের করমুক্ত সুবিধা প্রত্যাহার;

- এসআরও নং ১৭২-আইন/আয়কর/২০০৯, তারিখ: ৩০/০৬/২০০৯ অনুযায়ী কতিপয় শিল্পের আয়ের উপর হ্রাসকৃত হারে করারোপের সুবিধা প্রত্যাহার; এবং

- এসআরও নং ৩৪১-আইন/আয়কর/২০১০, তারিখ: ১০/১০/২০১০ অনুযায়ী নীটওয়ার ও ভেন গার্মেন্টস এর রপ্তানীর উপর ০.৪০% হারে কর কর্তনের বিধান প্রত্যাহার।

এ বিধান ২০১১-১২ অর্থ বছর থেকে প্রযোজ্য হবে। **(পরিশিষ্ট-৭)**

(ড) **বিভিন্ন বাণিজ্য সংগঠনের আয়ের উপর করারোপঃ**

দেশের বিভিন্ন বাণিজ্য সংগঠন বা বণিক সমিতি বা শিল্প সমিতির আয়ের উপর করারোপ করা লক্ষ্যে নতুন বিধান জারি করা হয়েছে। প্রজ্ঞাপন নং এস,আর,ও নং ২৩৪-আইন-আয়কর/২০১১, তারিখ: ৬ জুলাই, ২০১১ এর মাধ্যমে এ সকল সংগঠনের শুধু সদস্যদের চাঁদা বা বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে প্রাপ্ত চাঁদা বা অনুদান করমুক্ত করা হয়েছে। এর ফলে চাঁদা বা অনুদান ভিন্ন অন্য কোন আয়

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

থাকলে তার উপর প্রযোজ্য হারে কর প্রদান করতে হবে। **(পরিশিষ্ট-১২)**

(ঢ) প্রাইভেট পাওয়ার জেনারেশন কোম• ানীর আয়:

করমুক্তঃ বিদ্যমান প্রজ্ঞাপন এসআরও নং ১৮৮-আইন/আয়কর/২০০৯ তারিখ: ০১/০৭/২০০৯ এ এর মেয়াদ ৩০ জুন, ২০১২ এর পরিবর্তে ৩০ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ লক্ষ্যে এস, আর, ও নং ২৩৫-আইন/আয়কর/২০১১, তারিখ ৬ জুলাই, ২০১১ জারী করা হয়েছে। এর মাধ্যমে এর ফলে ৩০ জুন, ২০১৩ এর মধ্যে বাণিজ্যিক উৎপাদন শুর" করবে এমন কোম• ানীর আয়ের ক্ষেত্রে বিদ্যমান এসআরও তে বর্ণিত সুবিধা পাবে এবং আয় ১৫ বছরের জন্য করমুক্ত থাকবে।

কর অবকাশপ্রাপ্তঃ অন্যদিকে ১ জুলাই, ২০১৩ থেকে বাণিজ্যিক উৎপাদনে যাবে এ' জাতীয় কোম• ানীর আয় শর্ত সাপেক্ষে ১০ বছরের জন্য কর অব্যাহতি সুবিধা দেয়া হয়েছে। তাদের-

- প্রথম ৫ বছর এ আয় ১০০% করমুক্ত;
- পরবর্তী ৩ বছর আয় ৫০% করমুক্ত; এবং
- পরবর্তী ২ বছর আয় ২৫% করমুক্ত।

এ লক্ষ্যে এস, আর, ও নং ২৩৬-আইন/আয়কর/২০১১, তারিখ: ৬ জুলাই, ২০১১ জারী করা হয়েছে। এ বিধান ২০১৩-১৪ অর্থ বছর থেকে উদ্ভ—ত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে **(পরিশিষ্ট-১৩ ও ১৪)**।

আয়কর বিধিমালায় সংশোধনঃ

(ড) আয়কর আইনজীবীদের নিবন্ধন সংক্রান্ত আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ৩৭ সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধানের মাধ্যমে আয়কর আইনজীবীদের

Md Sajid Hossain Shikdar, smartaccountantbd.com

নিবন্ধনদানের পদ্ধতি সংশোধনপ—র্বক প্রশিক্ষণ গ্রহণের বিষয়টিও অন্ত্যর্ভ—ক্ত করা হয়েছে।

(ঢ) জাহাজ ভাঙ্গা শিল্পের জন্য জাহাজ আমদানীর ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে। এ সংক্রান্ত rule 17A সংশোধন করা হয়েছে। এছাড়া, এলপিজি গ্যাসের উপকরণ হিসেবে Propane ও Butanes আমদানীর সময় কোন উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না।

(ণ) কর অবকাশ সুবিধা প্রাপ্তির জন্য শিল্প প্রতিষ্ঠান ও ভৌত অবকাঠামো সুবিধার জন্য পৃথক দুটি আবেদনপত্র প্রবর্তন করা হয়েছে।

(ত) বিকল্প বিরোধ নিস্পত্তির আবেদনের জন্য একটি ফরম প্রবর্তন করা হয়েছে।

২৮। বাজেট কার্যক্রম, ২০১১ এর আওতায় আয়কর বিধিমালা, ১৯৮৪ এর কতিপয় বিধি সংশোধনের লক্ষ্যে জারিকৃত দুটি প্রজ্ঞাপন (১) এস,আর,ও নং ২৩২-আইন/আয়কর/২০১১, তারিখ: ৫ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-১৭) এবং (২) এস,আর,ও নং ২৩৯-আইন/আয়কর/২০১১, তারিখ: ৬ জুলাই, ২০১১ (পরিশিষ্ট-১৮) সংযোজন করা হলো। আয়কর অধ্যাদেশে ৭ম অধ্যায়ে বর্ণিত আয়কর কর্তন বা সংগ্রহের হারের একটি সংক্ষিপ্ত সার পরিশিষ্ট-১৯ এ দেয়া হলো। এছাড়া আয়কর কর্তৃপক্ষের ও করদাতাদের সুবিধার্থে সরকারী কোষাগারে আয়কর জমার ক্ষেত্রে কর অঞ্চলভিত্তিক এ্যাকাউন্ট কোড নম্বরও (**পরিশিষ্ট-২০**) সংযোজন করা হলো।

(অপ—র্ব কান্তি দাস)
প্রথম সচিব (আয়কর নীতি)।

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com

পরিশিষ্ট

Md Solid Hossain Shimul · smartaccountantbd.com

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/8 জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০১১।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984), অত:পর উক্ত Ordinance বলিয়া উলিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদ্‌বিষয়ে অত্র বিভাগের ২রা ভাদ্র, ১৩৯৬ বঙ্গাব্দ মোতাবেক ১৭ই আগষ্ট, ১৯৮৯ ইং তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৮৯-আইন/৮৯ রহিতক্রমে সরকার, The Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত যে কোন Export Processing Zone এ ১ জানুয়ারী, ২০১২ বা তৎপরবর্তীতে স্থাপিত যে কোন শিল্প হইতে উদ্ভূত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

কর অব্যাহতির মেয়াদ	কর অব্যাহতির হার
প্রথম দুই বছর (প্রথম ও দ্বিতীয় বছর)	১০০%
পরবর্তী দুই বছর (তৃতীয় ও চতুর্থ বছর)	৫০%
পরবর্তী এক বছর (পঞ্চম বছর)	২৫%

০২। দফা ০১ এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

০৩। এই বিধান ১ জানুয়ারী, ২০১২ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 76 / 121

পরিশিষ্ট-২

গণপ্রজাতন্ ¿ী বাংলাদেশ সরকার
অর্থ মন্ ¿ণালয়
অভ্যন্@রীণ সম্• দ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২০-আইন-আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০০৮ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৬-আইন/আয়কর/২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "৩০ শে জুন, ২০১১" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ শে জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

পরিশিষ্ট-৩

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২১-আইন-আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০০৮ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "৩০ শে জুন, ২০১১" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ শে জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sohel Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৮৭-আইন/২০০৯ এবং ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৬৬-আইন/আয়কর/২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(অ) অনুচ্ছেদ ১ এর দফা (১) নিম্নরূপে প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১০,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ১৫,০০০.০০
(গ)	২০০০ সিসির উপরে প্রতিটি মোটরকার এর জন্য	টাকা ৩০,০০০.০০
(ঘ)	২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	টাকা ৩৫,০০০.০০
(ঙ)	২৮০০ সিসির উপরে প্রতিটি জীপ এর জন্য	টাকা ৫০,০০০.০০
(চ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ৮,০০০.০০

"।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 79 / 121

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭১-আইন/২০০৯ এর দফা (৩) এ উল্লিখিত "শতকরা দুই শত ভাগ" শব্দগুলির পরিবর্তে "শতকরা এক হাজার ভাগ" শব্দগুলি প্রতিস্থাপন করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sharif Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৪-আইন/আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭৩-আইন/২০০৯ এর দফা (১) এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) দফা (১) এর -

(অ) উপ-দফা (ক) এ উল্লিখিত "৫০.০০" সংখ্যাগুলির পরিবর্তে "৭৫.০০" সংখ্যাগুলি;

(আ) উপ-দফা (খ) এ উল্লিখিত "৭৫.০০" সংখ্যাগুলির পরিবর্তে "১০০.০০" সংখ্যাগুলি; এবং

(ই) উপ-দফা (গ) এ উল্লিখিত "৬০.০০" সংখ্যাগুলির পরিবর্তে "৭৫.০০" সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

S.R.O. Nos. 221 to 239/2011 (9 SROs) · unofficial copy · smartaccountantbd.com 81 / 121

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/ ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৫-আইন/আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহ রহিত করিল, যথা:-

(ক) S.R.O 440-L/76 dated 18th December, 1976;

(খ) S.R.O 9-L/77 dated 7th January, 1977;

(গ) S.R.O 222-L/78 dated 12th August, 1978;

(ঘ) S.R.O 130-L/79 dated 15th May, 1979;

(ঙ) S.R.O 160-L/81 dated 25th May, 1981;

(চ) S.R.O 159-L/83 dated 12th May, 1983;

(ছ) S.R.O 389-L/83 dated 23rd October, 1983;

(জ) S.R.O 405-L/85 dated 10th September, 1985;

(ঝ) এস.আর.ও নং-১৬৮-আইন/৯৭, তারিখ, ২২ শে আষাঢ়, ১৪০৪ বাং/৬ই জুলাই, ১৯৯৭ ইং;

(ঞ) এস.আর.ও নং-১৮৭-আইন/৯৯, তারিখ, ১৭ই আষাঢ় ১৪০৬ বাং/১লা জুলাই, ১৯৯৯ ইং;

(ট) এস.আর.ও নং-৩২২-আইন/২০০১, তারিখ, ২৫ অগ্রহায়ণ, ১৪০৮/৯ ডিসেম্বর, ২০০১ ইং;

(ঠ) এস.আর.ও নং-৩৪৩-আইন/২০০৫, তারিখ, ১৫ পৌষ ১৪১২ /২৯ ডিসেম্বর ২০০৫;

(ড) এস.আর.ও নং-২৬৮-আইন/২০০৬, তারিখ, ০৩ কার্তিক ১৪১৩ /১৮ অক্টোবর ২০০৬;

(ঢ) এস.আর.ও নং-৯৪-আইন/আয়কর/২০০৮, তারিখ, ০২ বৈশাখ ১৪১৫ বঙ্গাব্দ/১৫ এপ্রিল ২০০৮ খ্রিষ্টাব্দ;

Md Sajid Hossain Shikdar · smartaccountantbd.com

(ণ) এস.আর.ও নং-১৭২-আইন/আয়কর/২০০৯, তারিখ, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/ ৩০ জুন ২০০৯ খ্রিষ্টাব্দ; এবং

(ত) এসআরও নং-৩৪১-আইন/আয়কর/২০১০, তারিখ, ২৫ আশ্বিন ১৪১৭ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০১০ খ্রিষ্টাব্দ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৬-আইন-আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রধানমন্ত্রী, স্পীকার, মন্ত্রী, ডেপুটি স্পীকার, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী এবং মন্ত্রী পদমর্যাদার উপদেষ্টা এবং সংসদ-সদস্যগণের, সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন বা সম্মানী (basic salary or remuneration) ব্যতীত, উৎসব ভাতাসহ সকল প্রকার ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sohel Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৭-আইন-আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশের প্রধান বিচারপতি, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণের, সরকার কর্তৃক প্রদত্ত ম—ল বেতন (basic salary) ব্যতীত, উৎসব ভাতাসহ সকল প্রকার ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Sohel Hussain Shimanto · smartaccountantbd.com

পরিশিষ্ট-১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২২৮-আইন-আয়কর/২০১১।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন (basic salary) ব্যতীত, উৎসব ভাতাসহ সকল প্রকার ভাতা ও সুবিধাদিকে প্রদেয় আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Md Shahadat Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ ¿ী বাংলাদেশ সরকার
অর্থ মন্ ¿ণালয়
অভ্যন্@রীণ সম্• দ বিভাগ

পরিশিষ্ট-১১

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর, ও ২২৯-আইন/আয়কর/২০১১।-Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং ২৭০-আইন/আয়কর/২০১০ রহিতক্রমে, নিম্নবর্ণিত তফসিল-ক তে উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, নিম্নবর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, কোন কোম্• ানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা:-

তফসিল-ক

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) কোম্• ানীর মোট আয়ের ২০% বা ৮ (আট) কোটি টাকা এর মধ্যে যেটি কম সেই অংকের অধিক ব্যয়িত অর্থের ক্ষেত্রে এই আয়কর রেয়াত প্রযোজ্য হইবে না।

(২) যে সকল কোম্• ানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান-

(ক) উহাতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন–ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;
